কান খুলে দেখি

# বাংলা প্রেস



বিয়ে করেছেন শবনম ফারিয়া : পৃষ্ঠা ৪



ছেলের বন্ধুরা ‘দিদি’ বলে ডাকে: শ্রাবন্তী : পৃষ্ঠা ৪

যুক্তরাষ্ট্র ● সোমবার ● ২২ সেপ্টেম্বর ২০২৫ ● ৭ আশ্বিন ১৪৩২ ● বর্ষ ৩ ● সংখ্যা ১১২

## জাতিসংঘের অধিবেশনে যোগ দিতে নিউ ইয়র্ক পৌঁছালেন প্রধান উপদেষ্টা

### জেএফকে বিমানবন্দরে আ.লীগের বিক্ষোভ, ডিম নিক্ষেপ



ছাবেদ সাথী

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে পৌঁছেছেন। স্থানীয় সময় সোমবার (২২ সেপ্টেম্বর) বিকেল ৩টা ১০ মিনিটে প্রধান উপদেষ্টাসহ প্রতিনিধি দলের সদস্যদের বহনকারী এমিরেটস এয়ারলাইন্সের একটি বাণিজ্যিক ফ্লাইট জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের ৮ নম্বর টার্মিনালে অবতরণ করে। এ সময় টার্মিনালের বাইরের পার্কিং লটে প্রচুর সংখ্যক যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের নেতাকর্মীরা বিক্ষোভ প্রদর্শনসহ বিভিন্ন শ্লোগান দেন।

দুপুর থেকেই নিউ ইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে বিক্ষোভ প্রদর্শনের উদ্দেশ্যে এরপর পৃষ্ঠা ২

## এক হতে যাচ্ছে এনসিপি-গণ অধিকার, দল প্রধান কে?

বাংলাপ্রেস ডেস্ক

গণ অধিকার পরিষদ ও জাতীয় নাগরিক পার্টি-এনসিপি একদলে একীভূত হতে আলোচনা চালিয়ে যাচ্ছে। কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে গড়ে উঠা তরুণদের দল দুটি একীভূত হলে এতে আরো একাধীক দল যুক্ত হতে পারে বলে জানা গেছে।

তবে দলগুলোর একীভূত হওয়ার পথে রয়েছে বেশ কিছু জটিলতা। একত্রিত হওয়া দলটি কী নতুন নামে সামনে আসবে, নাকি একটি দলের নামেই পরিচালিত হয়ে অপর দলটিকে বিলুপ্ত ঘোষণা করা হবে? আর এরপর পৃষ্ঠা ২

অর্থ উপদেষ্টা

## এবার জানুয়ারিতেই বই পাবে শিক্ষার্থীরা

বাংলাপ্রেস ডেস্ক

এবার জানুয়ারি মাসেই শিক্ষার্থীরা বই পাবে বলে জানিয়েছেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেছেন, ‘বই ছাপানোর দায়িত্ব কাদের দেওয়া হবে, তা চলতি মাসেই চূড়ান্ত করা হবে।’

২১ সেপ্টেম্বর রবিবার সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত কমিটির সভা শেষে এক ব্রিফিংয়ে এ কথা বলেন অর্থ উপদেষ্টা।

অর্থ উপদেষ্টা বলেন, ‘এবার যাচাই-বাছাই করে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে।

গত বছর বই ছাপানোর ক্ষেত্রে কিছু অনিয়মের এরপর পৃষ্ঠা ২

## চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ ১৮ নভেম্বর

বাংলাপ্রেস ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে আগামী ১৮ নভেম্বর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। তালিকায় ৩১ অক্টোবর পর্যন্ত ১৮ বছর পূর্ণ করা নতুন ভোটাররাও অন্তর্ভুক্ত থাকবেন।

ইসি জানায়, খসড়া ভোটার তালিকা আগামী ১ নভেম্বর প্রকাশ করা হবে। এ সময় আপত্তি ও সুপারিশ গ্রহণের পর ১৮ নভেম্বর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

সম্প্রতি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পাঠানো এক চিঠিতে ইসি সচিবালয় উল্লেখ করেছে, খসড়া ভোটার তালিকা নিয়ে আপত্তি, দাবি ও সংশোধনের আবেদন থাকলে তা ১৭ নভেম্বরের মধ্যে নিষ্পত্তি করা হবে। এরপর ১৮ নভেম্বর প্রকাশ পাবে চূড়ান্ত ভোটার এরপর পৃষ্ঠা ২

## নিউ ইয়র্কে এনসিপি নেতা আখতারের ওপর ডিম নিক্ষেপের ঘটনায় আ.লীগকর্মী গ্রেপ্তার



নিজস্ব প্রতিবেদক

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে যোগ দিতে আসা সফরসঙ্গী জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেনের ওপর ডিম ছোঁড়ার অভিযোগে মিজানুর রহমান চৌধুরী নামের একজন আওয়ামীলীগকর্মীকে পুলিশ গ্রেপ্তার করেছে। স্থানীয় সময় সোমবার (২২ সেপ্টেম্বর) রাতে জ্যাকসন হাইটস এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। আরও বেশ কয়েকজনকে পুলিশ খুঁজছে এবং তাদের বাড়িতেও তল্লাসী চালিয়েছে বলে জানা গেছে।

স্থানীয় সময় সোমবার (২২ সেপ্টেম্বর) বিকেল ৩টা ১০ মিনিটে প্রধান উপদেষ্টাসহ প্রতিনিধি দলের সদস্যদের বহনকারী এমিরেটস এয়ারলাইন্সের একটি বাণিজ্যিক ফ্লাইট জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরের ৮ নম্বর টার্মিনালে অবতরণ করে। এ সময় টার্মিনালের বাইরের পার্কিং লটে প্রচুর সংখ্যক যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের নেতাকর্মীরা বিক্ষোভ প্রদর্শনসহ বিভিন্ন শ্লোগান দেন। প্রধান উপদেষ্টার সফরসঙ্গীরা টার্মিনাল থেকে বর হয়ে গাড়িতে ওঠার সময় আওয়ামীলীগের কর্মীরা জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেনকে লক্ষ্য করে তার ওপর ডিম ছুঁড়ে মারে। এ ঘটনার প্রায় ৬ ঘন্টা পর জ্যাকসন হাইটস এলাকা থেকে আওয়ামীলীগকর্মী মিজানুর রহমান চৌধুরীকে গ্রেপ্তার করে পুলিশ।

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের আগমনে দুপুর থেকেই নিউ ইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে বিক্ষোভ প্রদর্শনের উদ্দেশ্যে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের নেতাকর্মীরা জড়ো হন এবং প্রধান উপদেষ্টাসহ বিএনপির মহাসচিবকে এরপর পৃষ্ঠা ২

জামায়াত আমির

## ডাকসু, জাকসুর প্রভাব জাতীয় নির্বাচনেও পড়বে




বাংলাপ্রেস ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান বলেছেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচনে ইসলামী ছাত্রশিবির বিজয় লাভ করেছে। এ বিজয়ে অনেকেই অভিভূত হয়েছেন। এ নির্বাচনের প্রভাব আগামী জাতীয় নির্বাচনেও পড়বে ইনশাআল্লাহ।’

শনিবার (২০ সেপ্টেম্বর) রাজধানীর মগবাজারস্থ আল-ফালাহ মিলনায়তনে অনুষ্ঠিত বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মহিলা বিভাগীয় মজলিসে শুরার অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। জামায়াত আমির বলেন, এরপর পৃষ্ঠা ২

ড. ইফতেখারুজ্জামান

## নির্বাচনের সময় এআই ব্যবহার করবে সাবেক সরকারের সিন্ডিকেট

বাংলাপ্রেস ডেস্ক

জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান আশঙ্কা প্রকাশ করে বলেছেন, সাবেক সরকারের সিন্ডিকেট বা যারা সমর্থন করত, তারা দেশে বা দেশের বাইরে থেকে এআই ভিন্নভাবে অত্যন্ত জোরালোভাবে ব্যবহার করবে।



শনিবার (২০ সেপ্টেম্বর) রাজধানীর ধানমণ্ডিতে নির্বাচন কমিশন বিষয়ক সাংবাদিকদের সংগঠন আরএফইডি ও টিআইবির আয়োজনে অনুষ্ঠিত ইলেকশন ট্রেনিং কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। এআই প্রসঙ্গে টিআইবির নির্বাহী পরিচালক বলেন, ‘প্রশিক্ষণে গুরুত্বপূর্ণ একটা বিষয় নিয়ে কথা হয়েছে এআইর বিষয়গুলো নিয়ে। এটা নিয়ে আমরা নিজেরাই স্বীকার করি যে, এটা নিয়ে আমাদের খুব বেশি এরপর পৃষ্ঠা ২

মান্না

## আগামী ৫ মাসে অনেক কিছুই ঘটবে, যা আমরা কল্পনাও করতে পারছি না

বাংলাপ্রেস ডেস্ক

আগামী ফেব্রুয়ারিতে নির্বাচন নিয়ে শঙ্কা থাকলেও তা কেটে গিয়ে নির্বাচন হবে বলে মন্তব্য করে নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেছেন, ‘আগামী ৫ মাসে রাজনীতিতে আরো অনেক কিছুই ঘটবে, যা আমরা এখন কল্পনাও করতে পারছি না।’

শনিবার (২০ সেপ্টেম্বর) বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে (বিএফডিসি) আগামী জাতীয় নির্বাচনে ছাত্রসংসদ নির্বাচনের প্রভাব নিয়ে আয়োজিত ছায়া সংসদে তিনি এসব কথা বলেন। এতে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান এরপর পৃষ্ঠা ২

## নভেম্বরে উদ্বোধন হচ্ছে ‘জুলাই স্মৃতি জাদুঘর’



বাংলাপ্রেস ডেস্ক

পিলখানা হত্যাকাণ্ড, গুম-খুন-আয়নাঘর, শাপলা ম্যাসাকার এবং ভোট ডাকাতিসহ শেখ হাসিনার ১৬ বছরের দুঃশাসনের সব গল্পই ঐতিহাসিক তথ্য আকারে জুলাই স্মৃতি জাদুঘরে উপস্থাপন করা হবে।

শনিবার (২০ সেপ্টেম্বর) বিকেলে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এক বৈঠকে জাদুঘর নির্মাণ কর্তৃপক্ষ প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে এ তথ্য জানিয়েছে।

সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী প্রধান উপদেষ্টাকে জানান, চলতি বছরের ৩১ অক্টোবরের এরপর পৃষ্ঠা ২

কান খুলে দেখি
বাংলা প্রেস

# শেষ চারে রুদ্ধশ্বাস লড়াইয়ে লঙ্কানদের বিপক্ষে টাইগারদের জয়

বাংলাপ্রেস ডেস্ক

আবুধাবির প্রতিশোধ দুবাইয়ে নিল বাংলাদেশ। শ্রীলঙ্কাকে ৪ উইকেটে হারিয়ে গ্রুপ পর্বের প্রতিশোধ নিয়েছেন লিটন দাসের দল। এতে এশিয়া কাপের সুপার ফোর জয়ে শুরু করেছে বাংলাদেশ।

বাংলাদেশকে দারুণ জয়টা এনে দিয়েছেন জোড়া ফিফটি হাঁকানো সাইফ হাসান ও তাওহিদ হৃদয়।

যদিও শুরুটা ভালো ছিল না বাংলাদেশের। ১৬৯ রানের লক্ষ্য তাড়া করতে নেমে যে ইনিংসের পঞ্চম বলে উইকেট হারায় বাংলাদেশ। ওপেনার তানজিদ হাসান তামিম রানে খাতা খোলার আগে মাঠ ছাড়লেও দারুণ শুরু পায় বাংলাদেশ।

দারুণ শুরুটা এনে দেন সাইফ ও লিটন। দুজনে মিলে দ্বিতীয় উইকেটে ৫৯ রানের জুটি গড়েন। লিটন ২৩ রানে আউট হওয়ার পথে রেকর্ডও গড়েন। টি-টোয়েন্টিতে বাংলাদেশের সর্বোচ্চ রানের মালিক হয়েছেন তিনি। ২৫৫৬ রানের মালিক হওয়ার পথে পেছনে ফেলেছেন সাকিব আল হাসানকে (২৫৫১)।

তৃতীয় উইকেটে জয়ের অর্ধেক কাজটা সারেন সাইফ ও তাওহিদ হৃদয়। ক্যারিয়ারের দ্বিতীয় ফিফটি করে সাইফ আউট হওয়ার আগে হৃদয়ের সঙ্গে ৫৪ রানের জুটি গড়েন। ৬১ রানে আউট হওয়ার আগে বাংলাদেশকে দারুণ শুরু এনে দেন তিনি। ইনিংসটি সাজান ৪ ছক্কা ও ২ চারে। জয়ের বাকি কাজটুকু সারেন হৃদয়।

তবে জয় নিয়ে মাঠ ছাড়তে পারেননি হৃদয়। জয়ের জন্য যখন ১০ রান প্রয়োজন ঠিক তখনই দুষ্মন্ত চামিরার বলে এলবিডব্লিউ হন হৃদয়। আউট হওয়ার আগে খেলেছেন ৫৮ রানের ইনিংস। ৪ চার ও ২ ছক্কায় তার আউট হওয়ার পর কিছুটা নাটকীয়তা দেখা যায় ম্যাচে।

# জাতিসংঘের অধিবেশনে যোগ দিতে নিউ ইয়র্ক পৌঁছালেন প্রধান উপদেষ্টা

প্রথম পৃষ্ঠার পর

যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের নেতাকর্মীরা জড়ো হন এবং প্রধান উপদেষ্টাসহ বিএনপির মহাসচিকে স্বাগর জানাতে আনন্দ সমাবেশ করেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। উভয় দলের নেতাকর্মীরা মুখোমুখি অবস্থান নিয়ে বিভিন্ন শ্লোগান দেন। উভয় দলের কর্মীদের হাতে ছিলে নানা রঙের ব্যানার ও ফেস্টুন। চরম উত্তেজন বিরাজ করতে থাকে উভয় দলের নেতাকর্মীদের মাঝে। ফ্লাইটটি আট নম্বর টার্মিনালে অবতরণের আগেই বাইরে পক্ষে-বিপক্ষে বিভিন্ন শ্লোগানে মুখরিত হয়ে উঠে গোটা টার্মিনাল এলাকা। দুপুর থেকেই জেএফকে বিমাবন্দরে জড়ো হয় প্রধান উপদেষ্টা বরণ করতে আসা যুক্তরাষ্ট্র বিএনপি ও বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীরা নানা ধরনের শ্লোগান দিতে থাকেন। টার্মিনালের আরেক পাশে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনগুলো প্রতিরোধের লক্ষ্যে প্রতিবাদসহ বিক্ষোভ প্রদর্শন করেন।

বিকেল পৌনে চারটার দিকে প্রধান উপদেষ্টার সফরসঙ্গীরা একে একে বের হয়ে টার্মিনালে অবস্থিত গাড়ির দিকে যাবার প্রাক্কালে আওয়ামীলীগের নেতাকর্মীরা তাদেরকে লক্ষ্য করে ডিম ছুঁড়ে মারেন।

এ বছর প্রধান উপদেষ্টার সফরসঙ্গীদের মধ্যে ছয় রাজনৈতিক নেতা রয়েছেন। তাঁদের মধ্যে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, জামায়াতে ইসলামীর নায়েবে আমীর সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন ও যুগ্ম আহ্বায়ক ডা. তাসনিম জারা ঢাকা থেকে প্রতিনিধি দলের সঙ্গে যোগ দেন।

এছাড়া জামায়াত নেতা নকিবুর রহমান তারেক যুক্তরাষ্ট্র থেকে প্রতিনিধি দলে যুক্ত হন। সূচি অনুযায়ী অধ্যাপক ইউনূস আগামী ২৬ সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদে ভাষণ দেবেন।

প্রধান উপদেষ্টার নিউ ইয়র্ক সফরকে কেন্দ্র করে রোববার (২১ সেপ্টেম্বর) সন্ধ্যার পর জ্যাকসন হাইটসে বিএনপি ও আওয়ামী লীগের নেতা-কর্মীরা মুখোমুখি অবস্থান নেন। সন্ধ্যার পর জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় একই সময়ে সমাবেশ করেন বিএনপি ও আওয়ামী লীগের নেতা-কর্মী ও সমর্থকেরা।

# নভেম্বরে উদ্বোধন হচ্ছে ‘জুলাই স্মৃতি জাদুঘর’

প্রথম পৃষ্ঠার পর

মধ্যে জাদুঘরের নির্মাণকাজ শেষ হবে এবং নভেম্বরের প্রথম সপ্তাহে উদ্বোধন সম্ভব হবে বলে তারা আশা করছেন।

তিনি বলেন, ‘আমরা হাসিনার দুঃশাসনের চিত্রগুলো এই জাদুঘরে প্রদর্শনের জন্য কিউরেট করছি, যাতে ১৬ বছরের ফ্যাসিজমের ইতিহাস জীবন্ত থাকে।

জীবন্ত থাকে সরাসরি গণভবন থেকে আসা নির্দেশনা অনুযায়ী পরিচালিত সব অত্যাচারের এবং নৃশংসতার ইতিহাস।’

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জাদুঘর নির্মাণসংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান এবং আশা প্রকাশ করেন এ জাদুঘরে যারা আসবেন তারা ৫ আগস্ট গণভবনে জনতার ঢলকে অনুভব করবেন।

‘মানুষের মধ্যে দুঃশাসনের বিরুদ্ধে প্রবল প্রতিরোধ গড়ে তোলার এই অনুভব নিয়ে আসাটাই এই জাদুঘরের একটা বড় কাজ,’ বলেন তিনি।

জাদুঘর নির্মাণে আইসিটি প্রসিকিউশন টিম ও গুম বিষয়ক তদন্ত কমিশনের সঙ্গে সমন্বয় করে কাজ চলছে বলে জানান জাদুঘরের চিফ কিউরেটর তানজীম ওয়াহাব।

তিনি বলেন, ‘আমরা মনে করছি এটি একটি ইউনিক জাদুঘর হবে। ১৬ বছরের দুঃশাসনের গল্পগুলো এই জাদুঘরে সিকোয়েন্স আকারে থাকবে। দর্শনার্থীরা জানতে পারবেন শেখ হাসিনা কিভাবে দেশ চালাতেন।’

সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী বলেন, ‘গুম-খুনের নির্দেশ দেওয়া অনেক অডিও ইতোমধ্যেই জাদুঘর কর্তৃপক্ষের হাতে এসেছে।

এই অডিওগুলো জাদুঘরে রাখা হচ্ছে। শেখ হাসিনা কিভাবে গুমের শিকার পরিবারগুলোকে ডেকে এনে মিথ্যা সান্ত্বনা দিত সে চিত্রও উঠে আসবে।’

এ ছাড়া জাদুঘরে একটা স্ক্রিনিং সেন্টার থাকবে, যেখানে জুলাই ও ১৬ বছরের দুঃশাসন নিয়ে ডকুমেন্টারি প্রদর্শনের ব্যবস্থা থাকবে।

বৈঠকে আরো উপস্থিত ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম, গুমসংক্রান্ত কমিশন অব ইনকোয়ারির সদস্য ড. নাবিলা ইদ্রিস, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মো. নজরুল ইসলাম, সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. মফিদুর রহমান, বাংলাদেশ জাতীয় জাদুঘরের গভর্নিং বডির চেয়ারপারসন মেরিনা তাবাসসুম।

জুলাই স্মৃতি জাদুঘরের গবেষকদের মধ্যে উপস্থিত ছিলেন ড্যানিয়েল আফজালুর রহমান, কবি হাসান রোবায়েত, মালিহা নামলাহা, জাদুঘরের শিল্পী তেজশ হালদার জশ, মোসফিকুর রহমান জোহান, জাদুঘরের স্থপতি সালাউদ্দিন আহমেদ এবং সমন্বয়কারী হাসান এনাম।

# আগামী ৫ মাসে অনেক কিছুই ঘটবে, যা আমরা কল্পনাও করতে

প্রথম পৃষ্ঠার পর

হাসান আহমেদ চৌধুরী কিরণ।

পিআর পদ্ধতিতে নির্বাচন হলে জাতীয় পার্টির (জাপা) মাধ্যমে নৌকা লাঙ্গলে উঠে পতিত আওয়ামী লীগের ফিরে আসার সম্ভাবনা রয়েছে জানিয়ে তিনি বলেন, ‘পিআর পদ্ধতিতে নির্বাচন বর্তমান প্রেক্ষাপটে বাস্তবসম্মত নয়।

বর্তমানে জাপা আওয়ামী লীগের লেজ নয়, মাথা।’

তিনি বলেন, ‘ছাত্রসংসদ নির্বাচনের কিছু প্রভাব জাতীয় নির্বাচনে পড়বে। তবে এসব নির্বাচনের ফল জাতীয় নির্বাচনের ফল বদলে দেওয়ার মতো প্রভাব ফেলবে না।’

জুলাই সনদ নিয়ে ঐকমত্যের একটা সিলভার লাইন তৈরি হয়েছে উল্লেখ করে তিনি বলেন, ‘আশা করি এটি বাস্তবায়িত হবে।

আগামী নির্বাচনকে কেন্দ্র করে ছোট দলগুলোর একীভূত হওয়ার যে সম্ভাবনা সৃষ্টি হয়েছে, তা ইতিবাচক। নাগরিক ঐক্য ও গণ অধিকার পরিষদ এমন সিদ্ধান্ত নিলে আমি সেটা সমর্থন করব।’

মাহমুদুর রহমান মান্না বলেন, ‘জাতিসংঘের অধিবেশনে প্রধান উপদেষ্টার সফরসঙ্গীদের মধ্যে অনিবন্ধিত দলের একজন সদস্যের অন্তর্ভুক্তি সমর্থনযোগ্য নয়।’

হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, ‘পতিত আওয়ামী লীগের অধিকাংশ নেতাই গণহত্যার অভিযোগে অভিযুক্ত। তারা এখন গণধিকৃত। নির্বাচনে অংশগ্রহণ করতে পারছে না। তাই বর্তমান রাজনৈতিক দলগুলো দায়িত্বশীল ভূমিকা পালন করলে আমি আশা করি ডাকসুড়জাকসু নির্বাচনের মতো নিঃসংকোচে ফেব্রুয়ারির নির্বাচনে দেশের ইতিহাসের সর্বোচ্চ সংখ্যক মানুষ উৎসবমুখরভাবে লাইনে দাঁড়িয়ে ভোট দেবে।’

ডিবেট ফর ডেমোক্রেসির আয়োজনে ‘ছাত্রসংসদ নির্বাচনের ফল আসন্ন জাতীয় নির্বাচনে প্রভাব ফেলবে না’ শীর্ষক ছায়া সংসদে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিতার্কিকদের পরাজিত করে স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের বিতার্কিকরা বিজয়ী হন।

# নির্বাচনের সময় এআই ব্যবহার করবে সাবেক সরকারের সিন্ডিকেট

প্রথম পৃষ্ঠার পর

ইনভলভমেন্ট নেই।

অন্যভাবে এ বিষয়ে আমরা সমৃদ্ধ হওয়ার চেষ্টা করেছি। তার পরও চেষ্টা করছি সাংবাদিকতার সঙ্গে সম্পর্কিত একটি কোর্সের মতো কিছু করার। আলোচনা করে চেষ্টা করব নতুন করে কিছু একটা করার। এটা নিয়ে নির্বাচনের কাছাকাছি সময় কিছু একটা করা যায় কি না।

নির্বাচনের শিডিউল ঘোষণা করার পর আমরা চেষ্টা করবড়এআই নিয়ে একটি ফলোআপ সেশন করা যায় কি না।’

ড. ইফতেখারুজ্জামান বলেন, ‘নির্বাচন কমিশন তাদের যে নীতিমালা করছে, এআই নিয়ে কাঙ্ক্ষিত কিছুই ছিল না। নির্বাচনের সামনে এআই ব্যবহার বাড়বে। এবার নির্বাচনের ক্ষেত্রে বাংলাদেশের প্রেক্ষাপটে একটি বিষয় হলো, যারা সাবেক সরকারের সিন্ডিকেট বা সমর্থন করত, দেশে বা দেশের বাইরে থেকে তারা কিন্তু এআই ভিন্নভাবে অত্যন্ত জোরালোভাবে ব্যবহার করবে।

সেটাকে মোটিভেটেড ক্যাম্পেইন করার সম্ভাবনা প্রকট। সেই বিষয়ে আমরা নির্বাচন কমিশনকে প্রস্তাব করেছিলাম টেকনিশিয়ান ও এক্সপার্টদের দিয়ে বিষয়টা দেখার জন্য কিন্তু তাদেরও এই বিষয়ে দক্ষতা ছিল না। বর্তমানে তারা এই বিষয়টা নিয়ে কাজ করছে। এটা নিয়ে নির্বাচনের আগে একটা ক্যাপাসিটি বিল্ডিং করব। কিছু একটা দিতে পারি কি না, আমাদের একটা প্রত্যাশা থাকবে।

প্রশিক্ষণ প্রসঙ্গে তিনি বলেন, ‘বিশ্বাস করেন এই প্রশিক্ষণে আমাদের স্বার্থ আছে। আপনারা যে স্বার্থ নিয়ে কাজ করছেন, জনকল্যাণএকই স্বার্থ নিয়ে আমরা কাজ করছি। এ ধরনের প্রশিক্ষণ ঢাকার বাইরে করলে ভালো হতো। তবে অফিস ছুটি দেবে কি না, এটা নিয়ে প্রশ্ন আছে। এতে আমাদের খরচ বেশি হবে তাই আমাদেরও একটা ক্যাপাসিটির বিষয় থাকে। তবে আমরা ঢাকার বাইরেও এমন প্রশিক্ষণ করে থাকি।’

# ডাকসু, জাকসুর প্রভাব জাতীয় নির্বাচনেও পড়বে

প্রথম পৃষ্ঠার পর

‘আমরা যাদের পছন্দ করি, ভালোবাসি তাদের নিয়েই আমরা আগামী নির্বাচনে ৩০০ আসনে নির্বাচন করার আশা করি। সেই নির্বাচনে বিজয়লাভের লক্ষ্যে আর্থিক কোরবানিসহ সব ধরনের সাহায্য-সহযোগিতা করার জন্য আমি সবার প্রতি উদাত্ত আহ্বান জানাচ্ছি।’ তিনি বলেন, ‘অনেক আন্দোলন, ত্যাগ-কোরবানির বিনিময়ে ২০২৪ সালের ৫ আগস্ট আমরা একটি নতুন বাংলাদেশ পেয়েছি। ২০২৪ সালের জুলাই-আগস্টের আন্দোলনে অনেকে জীবন দিয়েছেন, অনেকে হাত-পা ও চক্ষু হারিয়েছেন।

আমাদের সবার ত্যাগ ও কোরবানির বিনিময়ে আল্লাহ আমাদের এক মহান বিজয় দিয়েছেন। আল্লাহ আমাদের সবাইকে দুনিয়া ও আখিরাতে সেই কোরবানির উপযুক্ত প্রতিদান দান করুনড় এই দোয়াই করছি।’

কেন্দ্রীয় মহিলা বিভাগীয় সেক্রেটারি মুহতারামা নূরুন্নিসা সিদ্দীকার সভাপতিত্বে দিনব্যাপী অনুষ্ঠিত অধিবেশনে ‘রাজনৈতিক পরিস্থিতি ও জাতীয় নির্বাচন ২০২৬’ শীর্ষক বক্তব্য উপস্থাপন করেন সংগঠনের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। দারসুল কুরআন পেশ করেন সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আবদুল হালিম।

অধিবেশনে আরো উপস্থিত ছিলেন সংগঠনের সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এ টি এম মাছুম। কেন্দ্রীয় মহিলা বিভাগীয় কর্মপরিষদ সদস্যসহ সারা দেশ থেকে নির্বাচিত শুরা সদস্যরা অধিবেশনে উপস্থিত ছিলেন। ষান্মাসিক রিপোর্ট উপস্থাপনসহ বিভিন্ন সাংগঠনিক বিষয় নিয়ে অধিবেশনে আলোচনা হয়।

# পূজামণ্ডপে পবিত্রতা বজায় রাখতে হবে : স্বরাষ্ট্র উপদেষ্টা

বাংলাপ্রেস ডেস্ক

পূজামণ্ডপে শান্তি-শৃঙ্খলা রক্ষার পাশাপাশি পবিত্রতা বজায় রাখার আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেন, ‘শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য আমাদের আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী নিয়োজিত রয়েছে। তবে পূজামণ্ডপের পবিত্রতা রক্ষার দায়িত্ব জনগণের, আমাদের সবার। কেননা, এটি একটি ধর্মীয় অনুষ্ঠান।

শনিবার (২০ সেপ্টেম্বর) বিকেলে মুন্সীগঞ্জের লৌহজংয়ের কনকসারের শ্রী শ্রী সর্বজনীন কালী ও দুর্গামন্দির পরিদর্শনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, ‘দুর্গাপূজা হিন্দু ধর্মাবলম্বীদের অনুষ্ঠান হলেও এখানে সব ধর্মের লোকজন দেখতে আসেন। তাই কেউ যেন জুতা নিয়ে মণ্ডপে উঠতে না পারে এবং পূজার পবিত্রতা নষ্ট করে, এমন কর্মকাণ্ড না করতে পারে, সে ব্যাপারে সবাইকে সজাগ থাকতে হবে।’

তিনি বলেন, ‘এবার পূজা উপলক্ষে সরকারি অনুদান বাড়িয়ে ৫ কোটি টাকা করা হয়েছে।

ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের আমলে দুর্গাপূজায় ২ কোটি টাকা হারে অনুদান দেওয়া হতো।’

লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী আরো বলেন, ‘পূজা কমিটির পক্ষ থেকে প্রতিটি মণ্ডপে সাতজন সদস্য দায়িত্ব পালন করার কথা। পূজামণ্ডপের সার্বিক নিরাপত্তায় তারা যেন সঠিকভাবে দায়িত্ব পালন করে, সেদিকে খেয়াল রাখতে হবে। তা ছাড়া দুর্গাপূজার শেষ পাঁচ দিন আনসার সদস্যরাও নিয়মিত দায়িত্ব পালন করে যাবেন।

# যুগপৎ আন্দোলনের সঙ্গে এনসিপি নেই : নাহিদ ইসলাম

বাংলাপ্রেস ডেস্ক

সাত দফা দাবিতে জামায়াতসহ ইসলামী দলগুলোর যুগপৎ আন্দোলনের সঙ্গে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) নেই বলে জানিয়েছেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম। শুক্রবার (১৯ সেপ্টেম্বর) রাজধানীর শাহবাগে শহীদ আবু সাঈদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে তৃণমূল নেতাকর্মীদের সঙ্গে বৈঠক শেষে এক ব্রিফিংয়ে তিনি এ কথা জানান।

জুলাই সনদের আইনি ভিত্তির জন্য গণপরিষদ নির্বাচনের বিকল্প নেই বলে মন্তব্য করে নাহিদ ইসলাম বলেন, নিম্নকক্ষে নয়, উচ্চকক্ষে পিআর চায় জাতীয় নাগরিক পার্টি। তাই জামায়াতে ইসলামীসহ যে কয়টি দল যুগপৎ আন্দোলন করছে, তাদের সঙ্গে আমরা নেই।

বড় রাজনৈতিক দলগুলোর সঙ্গে এই মুহূর্তে জোট নয়। স্বতন্ত্র রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এগোবে জাতীয় নাগরিক পার্টি জানিয়ে নাহিদ ইসলাম বলেন, ‘জুলাই সনদের আইনি ভিত্তির জন্য গণপরিষদের বিকল্প নেই। গণপরিষদ ও জাতীয় নির্বাচন আমরা যেহেতু একসঙ্গে চাচ্ছি, তাই সেই যৌথ নির্বাচনের প্রস্তুতির জন্য আমরা সবাইকে নির্দেশনা দিয়েছি। অক্টোবরের মধ্যে উপজেলা পর্যায়ের আহ্বায়ক কমিটি দিয়ে আবারও মাঠে নামবে এনসিপি।

# এক হতে যাচ্ছে এনসিপি-গণ অধিকার

প্রথম পৃষ্ঠার পর

দলের প্রধানই বা কে হবেন? এক সঙ্গে দুই দলের শীর্ষ নেতারা কে কোন পদে থাকবেন?ড়এরকম বেশ কিছু প্রশ্ন সামনে আসছে।

অবশ্য দল দুটির নেতারা জানায়, তারা আলোচনা অব্যাহত রেখেছেন। উভয়পক্ষ যথেষ্ট ছাড় দেওয়ার মানসিকতা নিয়ে আলোচনার টেবিলে বসছেন।

এনসিপির যুগ্ম মুখ্য সংগঠক আব্দুল হান্নান মাসউদ বলেছেন, দুইদল একত্রিত হলেও এনসিপির নাম পরিবর্তন হচ্ছে না। তারা এক বা একাধিক দলকে এনসিপির সঙ্গে একীভূত করার ব্যাপারে আলোচনা করছেন।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা যায়, দল দুটি একীভূত হয়ে এনসিপি নামেই সামনে অগ্রসর হতে পারে। সেক্ষেত্রে দলীয় প্রধান হবেন নাহিদ ইসলাম। আর নুরুল হক নুর থাকতে পারেন দলের দ্বিতীয় অবস্থানে কিংবা অন্য কোনো সম্মানজনক পদে। এছাড়া দুই দল থেকে ৫ জন করে নিয়ে মোট ১০ জনের সমন্বয়ে গঠিত হতে পারে শীর্ষ পর্ষদ।

এ বিষয়ে জানতে চাইলে গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খাঁন সাংবাদিকদের বলেন, রাজনীতিতে বিভিন্ন ধরনের আলোচনা সব সময় হয়।

# এবার জানুয়ারিতেই বই পাবে

প্রথম পৃষ্ঠার পর

অভিযোগ ছিল। যারা জড়িত ছিল, তাদের কাজ দেওয়া হবে না।’

টিকা কেনার অনুমোদন দেওয়া হয়েছে জানিয়ে এই উপদেষ্টা বলেন, ‘ইউনিসেফের সঙ্গে নেগোসিয়েট করে টিকার কমিশন কমানোর কথা বলা হয়েছে। তিন মাসের জন্য আপাতত টিকা আনা হবে।

কম্পিটিটিভ বিডিংয়ের মাধ্যমে পরবর্তী তিন মাসের টিকা আনা হবে।’

# চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ

প্রথম পৃষ্ঠার পর

তালিকা। বর্তমানে দেশের মোট ভোটার সংখ্যা ১২ কোটি ৬৩ লাখ ৭ হাজার ৫০৪ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৬ কোটি ৪১ লাখ ৪৫৫ জন, নারী ভোটার ৬ কোটি ২২ লাখ ৫ হাজার ৮১৯ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ১ হাজার ২৩০ জন।

# নিউ ইয়র্কে এনসিপি নেতা আখতারের

প্রথম পৃষ্ঠার পর

স্বাগর জানাতে আনন্দ সমাবেশ করেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। উভয় দলের নেতাকর্মীরা মুখোমুখি অবস্থান নিয়ে বিভিন্ন শ্লোগান দেন। উভয় দলের কর্মীদের হাতে ছিলে নানা রঙের ব্যানার ও ফেস্টুন। চরম উত্তেজন বিরাজ করতে থাকে উভয় দলের নেতাকর্মীদের মাঝে। ফ্লাইটটি আট নম্বর টার্মিনালে অবতরণের আগেই বাইরে পক্ষে-বিপক্ষে বিভিন্ন শ্লোগানে মুখরিত হয়ে উঠে গোটা টার্মিনাল এলাকা। দুপুর থেকেই জেএফকে বিমাবন্দরে জড়ো হয় প্রধান উপদেষ্টা বরণ করতে আসা যুক্তরাষ্ট্র বিএনপি ও বিভিন্ন অঙ্গসংগঠনের নেতাকর্মীরা নানা ধরনের শ্লোগান দিতে থাকেন। টার্মিনালের আরেক পাশে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনগুলো প্রতিরোধের লক্ষ্যে প্রতিবাদসহ বিক্ষোভ প্রদর্শন করেন।

সোমবার • ২২ সেপ্টেম্বর ২০২৫ • ৭ আশ্বিন ১৪৩২

কা ন খু লে দে খি
বাংলা প্রেস



# ৫৮ বছরের মধ্যে প্রথমবার যুক্তরাষ্ট্র সফরে সিরিয়ার রাষ্ট্রপ্রধান

বাংলাপ্রেস ডেস্ক

সিরিয়ার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট আহমেদ আল-শারা জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে যোগ দিতে ওয়াশিংটনে পৌঁছেছেন। সিরিয়া টিভি জানিয়েছে, ১৯৬৭ সালের পর এটিই সিরিয়ান কোনো শীর্ষ নেতার প্রথম যুক্তরাষ্ট্র সফর। চ্যানেলটির মতে, আল-শারা'র সঙ্গে চারজন মন্ত্রী রয়েছেন। এই সফরে সিরিয়া ও যুক্তরাষ্ট্রের মধ্যে কূটনৈতিক সম্পর্কের বিষয়ে আলোচনার সুযোগ তৈরি হবে বলে আশা করা হচ্ছে - যার মধ্যে ওয়াশিংটনে দূতাবাস পুনরায় চালু করাও অন্তর্ভুক্ত। ২৪ সেপ্টেম্বর আল-শারা জাতিসংঘের সাধারণ পরিষদে ভাষণ দেবেন। সিবিএস নিউজের সিনিয়র হোয়াইট হাউস রিপোর্টার জেনিফার জ্যাকবস এই সপ্তাহে বলেছেন, অধিবেশনের ফাঁকে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং সিরিয়ার নেতার মধ্যে একটি বৈঠকের পরিকল্পনা করা হচ্ছে।

এর আগে গত ১৪ মে রিয়াদে আল-শারার সঙ্গে আলোচনা করেন ট্রাম্প। সে সময় তিনি ঘোষণা করেন, ওয়াশিংটন দামেস্কের ওপর থেকে কয়েক দশকের পুরনো নিষেধাজ্ঞা তুলে নেওয়া শুরু করবে। ১ জুলাই তিনি সিরিয়ার বিরুদ্ধে একতরফা নিষেধাজ্ঞা আনুষ্ঠানিকভাবে সমাপ্ত করার একটি নির্বাহী আদেশে সই করেন।

# ট্রাম্পের হুমকির পরও বাগরাম ঘাঁটি যুক্তরাষ্ট্রকে দেবে না তালেবান

বাংলাপ্রেস ডেস্ক




আফগানিস্তানের বাগরাম বিমান ঘাঁটি আবারও যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে নেওয়ার জন্য প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার ইচ্ছার কথা জানানোর পর দেশটির ক্ষমতাসীন তালেবান সরকার জানিয়েছে, বিমান ঘাঁটিটি নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তি করা 'সম্ভব নয়'।

সম্প্রতি যুক্তরাজ্যে রাষ্ট্রীয় সফরের সময় প্রথমে ট্রাম্প বাগরাম বিমান ঘাঁটি নিজেদের নিয়ন্ত্রণে নেওয়ার একটি ধারণা দেন এবং এরপর গতকাল শনিবার তা না হলে আফগানিস্তানকে কঠোর শাস্তি দেওয়া হবে বলে হুমকিও দেন। তবে শাস্তির বিষয়ে তিনি সুনির্দিষ্ট করে কিছু বলেননি।

যুক্তরাষ্ট্রের ৭৯ বছর বয়সী এই প্রেসিডেন্ট এ বিষয়ে তার ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মে লেখেন, 'বাগরাম বিমান ঘাঁটি যারা তৈরি করেছে তাদের কাছে, অর্থাৎ যুক্তরাষ্ট্রের কাছে যদি তা ফিরিয়ে দেওয়া না হয়, তবে খুব খারাপ কিছু হতে যাচ্ছে।'

এ প্রসঙ্গে রোববার (২১ সেপ্টেম্বর) আফগানিস্তানের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের চিফ অব স্টাফ ফাসিহউদ্দিন ফিতরাত বলেন, 'সম্প্রতি কিছু লোক বলছে, তারা বাগরাম বিমান ঘাঁটি ফেরত নিতে আফগানিস্তানের সঙ্গে একটি সমঝোতায় পৌঁছেছে। তবে এ ধরনের চুক্তি আফগানিস্তানের এক ইঞ্চি ভূখণ্ডেও সম্ভব নয়। আমাদের এ ধরনের চুক্তির কোনো প্রয়োজন নেই।' ফিতরাতের এই মতামত দেশটির স্থানীয় গণমাধ্যমে সম্প্রচারিত হয়।

বাগরাম হলো আফগানিস্তানের সবচেয়ে বড় বিমান ঘাঁটি। তালেবানদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন যুদ্ধে এই ঘাঁটি ভীষণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রে ভয়াবহ সন্ত্রাসী হামলার পর মার্কিন সামরিক অভিযানে দেশটির সরকারেরও পতন ঘটে সে সময়। তবে ২০২১ সালের জুলাই মাসে বিশৃঙ্খলার মধ্যে বাগরাম বিমান ঘাঁটির নিয়ন্ত্রণ ছেড়ে দেয় মার্কিন ও ন্যাটো বাহিনী। যুক্তরাষ্ট্র এই ঘাঁটি ছেড়ে আসার পরপরই আফগান সামরিক বাহিনীর কমান্ড ভেঙে পড়ে এবং কয়েক সপ্তাহের মধ্যেই তালেবানরা ক্ষমতা দখল করে।

# যুক্তরাষ্ট্রের ভিসা ফি বাড়ানোর সিদ্ধান্তে চিন্তিত ভারত

বাংলাপ্রেস ডেস্ক

যুক্তরাষ্ট্রের ভিসা ফি বাড়ানোর সিদ্ধান্তে চিন্তিত ভারত। দেশটি বলছে, দেশটিতে দক্ষ কর্মী ভিসা (এইচ-১বি) আবেদনকারীদের জন্য নতুন ১ লাখ মার্কিন ডলার ফি আরোপ "মানবিক পরিণতি" বয়ে আনতে পারে। মূলত মার্কিন এই কর্মী ভিসার প্রধান সুবিধাভোগীই ভারতীয়রা। শনিবার (২০ সেপ্টেম্বর) রাতে এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি।

এর আগে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত শুক্রবার নির্দেশ দেন, বর্তমানে নেওয়া ফি-এর তুলনায় ৬০ গুণ বেশি এ পরিমাণ ফি ২১ সেপ্টেম্বর থেকে কার্যকর হবে। এই কর্মী ভিসার মধ্যে সবচেয়ে বেশি সুবিধাভোগী ভারতীয়রা। যুক্তরাষ্ট্র থেকে জারি হওয়া এই ভিসার ৭০ শতাংশই ভারতীয়দের হাতে যায়।

এমন অবস্থায় বড় মার্কিন প্রযুক্তি কোম্পানিগুলো কর্মীদের সতর্ক করেছে, এইচ-১বি ভিসাধারীরা যেন যুক্তরাষ্ট্রের বাইরে থাকলে দ্রুত দেশে ফেরেন অথবা থাকলে বাইরে না যান। তবে শনিবার হোয়াইট হাউস স্পষ্ট করেছে, এই ফি বর্তমান ভিসা বা নবায়ন আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

শনিবার ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, নতুন ফি পরিবারগুলোর মধ্যে বিঘ্ন সৃষ্টি করবে এবং এর ফলে মানবিক পরিণতি দেখা দিতে পারে। বিবৃতিতে আরও বলা হয়, এই সমস্যাগুলো যুক্তরাষ্ট্র উপযুক্তভাবে সমাধান করবে বলেই ভারত আশা করে। ভারত জোর দিয়ে বলেছে, দক্ষ কর্মী বিনিময় দুই দেশের জন্যই "অসাধারণ অবদান" রেখেছে। বিবৃতিতে বলা হয়, উভয়ের পারস্পরিক সুবিধা এবং জনগণের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্কের প্রেক্ষাপটে নীতিনির্ধারকেরা সাম্প্রতিক পদক্ষেপগুলো পর্যালোচনা করবেন। তবে ভারতের পক্ষ থেকে সম্ভাব্য প্রতিক্রিয়া সম্পর্কে কিছু বলা হয়নি।

# যুক্তরাষ্ট্রের সঙ্গে টানাপোড়েন, বিদেশি পণ্য বয়কটের আহ্বান মোদীর

বাংলাপ্রেস ডেস্ক



দেশবাসীকে বিদেশি পণ্য ব্যবহার বন্ধ করে দেশীয় পণ্য ব্যবহারের আহ্বান জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রোববার (২১ সেপ্টেম্বর) জাতির উদ্দেশে দেওয়া এক ভাষণে এই আহ্বান জানান তিনি। মোদীর এই আহ্বান এমন এক সময়ে এলো, যখন যুক্তরাষ্ট্রের সঙ্গে ভারতের বাণিজ্যিক সম্পর্কে টানাপোড়েন চলছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি ভারতীয় পণ্যের ওপর ৫০ শতাংশ শুল্ক আরোপ করেছেন। এরপর থেকেই মোদী 'স্বদেশি' অর্থাৎ দেশীয় পণ্য ব্যবহারের ওপর ব্যাপক গুরুত্ব দিতে শুরু করেন।

মোদীর সমর্থকরা এরই মধ্যে 'মার্কিন ব্র্যান্ড বয়কটের' প্রচারণা শুরু করেছেন। এর মধ্যে রয়েছে ম্যাকডোনাল্ডস, পেপসি ও অ্যাপলের মতো ব্র্যান্ড যেগুলো ভারতের বাজারে, বিশেষ করে তরুণ প্রজন্মের মধ্যে অত্যন্ত জনপ্রিয়।

জাতির উদ্দেশে দেওয়া ভাষণে মোদী বলেন, আমরা প্রতিদিন অনেক বিদেশি পণ্য ব্যবহার করি, আমরা আসলে জানিই না যে এগুলো আমাদের দেশের না। এগুলো বাদ দিতে হবে। আমাদের অবশ্যই উচিৎ, ভারতে তৈরি পণ্য কেনা । যদিও নিজের বক্তব্যে সরাসরি কোনো দেশের নাম নেননি মোদী। তিনি দোকানদারদেরও দেশীয় পণ্য বিক্রিতে মনোযোগ দেওয়ার আহ্বান জানান।

ভারতের ১৪০ কোটি মানুষের বিশাল বাজার বহু বছর ধরে মার্কিন ভোক্তা পণ্যের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শুধু বড় শহর নয়, এখন ছোট শহর-গঞ্জেও যুক্তরাষ্ট্রের পণ্যের প্রসার ঘটেছে, বিশেষত অনলাইন জায়ান্ট অ্যামাজনের মাধ্যমে। সম্প্রতি বহু ভারতীয় কোম্পানি নিজেদের স্থানীয় পণ্য প্রচারে জোর বাড়িয়েছে।

এদিকে, এমন পরিস্থিতির মধ্যেই ভারতের বাণিজ্যমন্ত্রী পীযূষ গয়াল শিগগিরই ওয়াশিংটন সফরে যাবেন বলে আশা করা হচ্ছে। এই সফর দুই দেশের বাণিজ্যিক টানাপোড়েন কমাতে সহায়ক হবে বলে মনে করছেন ভারতীয় কূটনীতিকরা।








# বিয়ে করেছেন শবনম ফারিয়া

বাংলাপ্রেস ডেস্ক

বিয়ে করেছেন ছোট পর্দার অভিনেত্রী শবনম ফারিয়া। তার বরের তানজিম তৈয়ব। তিনি রাজশাহীর ছেলে। অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অব সাউথ ওয়েলস থেকে ফিন্যান্সিয়াল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর সম্পন্ন করেছেন।

বর্তমানে তিনি বাংলাদেশের একটি শীর্ষস্থানীয় বেসরকারি ব্যাংকে অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট হিসেবে কর্মরত।

আজ শুক্রবার (১৯ সেপ্টেম্বর) বাদ আসর রাজধানীর মাদানি এভিনিউয়ের আল মুস্তফা মসজিদে এই অভিনেত্রী বিয়ে করেছেন বলে কালের কণ্ঠকে একাধিক ঘনিষ্ঠ সূত্র নিশ্চিত করেছে। এ সময় মিষ্টিমুখ করাতে মসজিদে উপস্থিত সবাইকে অভিনেত্রী বাদাম ও খেজুর খাইয়েছেন বলেও জানা গেছে।

শবনম ফারিয়া ক্যারিয়ারের শুরু করেছিলেন মডেল হিসেবে।

এরপর জনপ্রিয়তা নিয়ে পা রাখেন অভিনয়ে। একক থেকে শুরু করে ধারাবাহিক নাটকে অভিনয় করে পান দর্শকপ্রিয়তা। অনম বিশ্বাস পরিচালিত 'দেবী' সিনেমা দিয়ে তার অভিষেক হয় বড় পর্দাতেও।

# সানসিল্কের আমন্ত্রণে ঢাকায় হানিয়া আমির

বাংলাপ্রেস ডেস্ক

ঢাকায় পৌঁছেছেন হানিয়া আমির। সানসিল্কের আমন্ত্রণে গতকাল ১৮ সেপ্টেম্বর রাতে বাংলাদেশে নামেন পাকিস্তানের জনপ্রিয় অভিনেত্রী।

(১৯ সেপ্টেম্বর) দুপুরে নিজের ফেসবুক পেজ থেকে নিজের ঢাকায় অবস্থানের বিষয়টি নিশ্চিত করেন পাকিস্তানের জনপ্রিয় অভিনেত্রী।

এর আগে এক ভিডিও বার্তায় হানিয়া জানিয়েছিলেন, সানসিল্কের আমন্ত্রণে ঢাকায় আসছেন তিনি।

বলেছিলেন, 'হাই বাংলাদেশ, আমি হানিয়া। আমি সানসিল্কের সঙ্গে ঢাকায় আসছি। অনেক মজা হবে, সঙ্গে ছোট্ট একটা সারপ্রাইজ থাকছে।'

২০১৬ সালে 'জনান' চলচ্চিত্রের মাধ্যমে বড়পর্দায় অভিষেক ঘটে হানিয়ার।

এক দশকের ক্যারিয়ারে 'মেরে হামসাফার', 'ফেইরি টেল', 'দিলরুবা', 'আনা', 'কাভি মে কাভি তুম'-এর মতো ধারাবাহিকে অভিনয় করে খ্যাতি পেয়েছেন তিনি।

সাম্প্রতিক সময়ে তার জনপ্রিয়তা বাড়তে থাকে তুঙ্গে, সেই সঙ্গে বাড়তে থাকে তার পারিশ্রমিকও। বর্তমানে পাকিস্তানের অন্যতম সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া অভিনেত্রীদের একজন হানিয়া। ধারাবাহিকের প্রতি পর্বের জন্য প্রায় তিন লাখ রুপি পারিশ্রমিক পান।

# আপনার অনুপস্থিতি এখনো অবিশ্বাস্য মনে হয়: শাকিব খান





বাংলাপ্রেস ডেস্ক

ঢাকাই সিনেমার অমর চিত্রনায়ক সালমান শাহ। নব্বই দশকে বাংলাদেশের চলচ্চিত্রে ধূমকেতুর মতো তার আবির্ভাব। মাত্র চার বছরে ২৭টি সিনেমায় অভিনয় করে খ্যাতির শীর্ষে পৌঁছে যান। বৃহস্পতি তুঙ্গে থাকা অবস্থায় অর্থাৎ ১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর পৃথিবীর মায়া কাটিয়ে পরপারে পাড়ি জমান এই নায়ক।

১৯৭১ সালের ১৯ সেপ্টেম্বর সিলেটের জকিগঞ্জ উপজেলায় জন্মগ্রহণ করেন সালমান শাহ। তার প্রকৃত নাম শাহরিয়ার চৌধুরী ইমন। তার বাবার নাম কমর উদ্দিন চৌধুরী ও মা নীলা চৌধুরী। সালমান শাহ ব্যক্তিগত জীবনে ১৯৯২ সালে সামিরার সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন। বেঁচে থ াকলে আজ ৫৪ বছরে পূর্ণ করতেন। ক্ষণজন্মা চিত্রনায়ক সালমান শাহকে স্মরণ করেছেন ঢাকাই সিনেমার মেগাস্টার শাকিব খান। শুক্রবার (১৯ সেপ্টেম্বর) দুপুরে সালমান শাহের একটি ছবি নিজের ফেসবুকে পোস্ট করেন। এ ছবির ক্যাপশনে শাকিব খান লেখেন, "আপনার অনুপস্থিতি এখনো অবিশ্বাস্য মনে হয়। কিন্তু আপনার উপস্থিতি এখনো জীবন্ত!"

বলা দরকার, শাকিব খান নিজেও অন্য অনেক নায়কের মতো সালমান শাহ-এর অনুসারী।

সালমান শাহর সঙ্গে জুটি বেঁধে মৌসুমী মাত্র চারটি চলচ্চিত্রে কাজ করেন। এরপর প্রয়াত অভিনেতা ও পরিচালক জহিরুল হক পরিচালিত 'তুমি আমার' সিনেমায় সালমান শাহ ও শাবনূর প্রথম জুটি বাঁধেন। শাবনূরের সঙ্গে সালমান শাহ মোট ১৪টি চলচ্চিত্রে অভিনয় করেন। মাত্র চার বছরের চলচ্চিত্র ক্যারিয়ারে একাই রাজত্ব করে গেছেন সালমান শাহ। এই চার বছরে উপহার দিয়েছেন ব্যবসাসফল ২৭টি সিনেমা।



# আবারও 'মিস ইউনিভার্স বাংলাদেশ' হলেন তানজিয়া মিথিলা

বাংলাপ্রেস ডেস্ক

মিস ইউনিভার্স বাংলাদেশ ২০২৫-এর মুকুট জিতেছেন মডেল ও অভিনেত্রী তানজিয়া জামান মিথিলা। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) রাতে রাজধানীর তেজগাঁওয়ের আলোকি গ্রিন হাউসে আয়োজিত এক জমকালো অনুষ্ঠানে তাকে বিজয়ী ঘোষণা করা হয়। এসময় মঞ্চে মিথিলার মাথায় বিজয়ীর মুকুট পরিয়ে দেন জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত অভিনেত্রী তমা মির্জা এবং মডেল-অভিনেত্রী পিয়া জান্নাতুল। এর আগে ২০২০ সালে 'মিস ইউনিভার্স বাংলাদেশ'-এ অংশ নিয়ে খেতাব জিতেছিলেন মিথিলা।

তবে করোনা পরিস্থিতির কারণে সে বছর আন্তর্জাতিক মঞ্চে অংশ নিতে পারেননি তিনি। তবে এবার তিনি প্রতিনিধিত্ব করবেন৭৪তম মিস ইউনিভার্স প্রতিযোগিতায়, যা আগামী নভেম্বর মাসে অনুষ্ঠিত হবে থাইল্যান্ডের ব্যাংককে।

বিজয়ী হবার পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় মিথিলা এই জয় উৎসর্গ করেন তার মাকে। তিনি বলেন, 'আজ আমি যা কিছু, তা আমার মায়ের জন্যই সম্ভব হয়েছে।

তিনি সবসময় আমার শক্তি ও অনুপ্রেরণা ছিলেন। এই অর্জন যেমন আমার, তেমনি তারও।'

আন্তর্জাতিক প্রতিযোগিতা প্রসঙ্গে মিথিলা বলেন, 'আমি গর্বের সঙ্গে বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে চাই। মর্যাদা, সাহস ও সম্মানের সঙ্গে দেশের সুনাম রক্ষার সর্বোচ্চ চেষ্টা করব। মিথিলা শুধু একজন সফল মডেল ও অভিনেত্রীই নন, তিনি বাল্যবিবাহবিরোধী প্রচারণা এবং সুবিধাবঞ্চিত শিশুদের কল্যাণে কাজের জন্যও পরিচিত। উল্লেখ্য, এর আগে ২০১৯ সালে শিরিন শিলা এবং ২০২৪ সালে আনিকা আলম 'মিস ইউনিভার্স বাংলাদেশ' খেতাব অর্জন করেন।

# 'কাল্কি'র সিক্যুয়াল থেকে বাদ পড়লেন দীপিকা

বাংলাপ্রেস ডেস্ক



সময়টা এবার খুব একটা অনুকূলে যাচ্ছে না দীপিকা পাড়ুকোনের। সন্দীপ রেড্ডি ভাঙ্গার পর এবার নাগ অশ্বিনের ছবি থেকে বাদ পড়লেন বলিউড অভিনেত্রী।

দীপিকার শেষ মুক্তিপ্রাপ্ত ছবি 'কাল্কি ২৮৯৮' ছবির সিক্যুয়ালে তাকে দেখা যাবে কিনা সেই নিয়ে বহুদিন ধরেই জল্পনা চলছিল। দীপিকার অনুরাগীরাও মুখিয়ে ছিল তাকে এই ছবিটির পরবর্তী কিস্তিতে দেখার জন্য।

কিন্তু এক আনুষ্ঠানিক ঘোষণায় ছবির টিম জানায়, ছবিটির সিক্যুয়ালে দীপিকা থাকছে না।

প্রযোজনা প্রতিষ্ঠান এক ফেসবুক পোস্টে লিখেন, দীর্ঘ আলোচনার পর আমরা এই সিদ্ধান্ত আপনাদের জানাচ্ছি যে 'কাল্কি ২৮৯৮' ছবিতে থাকছেন না দীপিকা পাড়ুকোন। আমরা একসঙ্গে প্রথম ছবিতে কাজ করলেও দ্বিতীয় ছবিতে আমাদের কাজ করা সম্ভব হয়ে উঠছে না। দীর্ঘ আলোচনার পরেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই ছবির সিক্যুয়ালে অভিনয় করার জন্য দায়বদ্ধতা ভীষণভাবে প্রয়োজন। দীপিকার জন্যও আমাদের পক্ষ থেকে অনেক শুভকামনা রইল।'

এই পোস্টের পর মন ভেঙেছে দীপিকার অনুরাগীদের। শুধু তাই নয়, এই পোস্টে ভালোভাবেই বোঝা যাচ্ছে যে দীপিকার সময় দিতে না পারাই হয়তো ছবির সিক্যুয়ালে তার অভিনয় করার পথে অন্তরায় হয়ে দাঁড়াল।


গত বছর ৮ সেপ্টেম্বর কন্যা সন্তানের মা হন দীপিকা। সম্প্রতি মেয়ের এক বছর পূর্ণ হয়েছে। নিজের হাতে কেক বানিয়েছেন সেই বিশেষ দিনে দীপিকা। জীবনের এই সময়টা যথাসম্ভব উপভোগ করার চেষ্টা করছেন রণবীর ঘরনি।

এর আগে সেই কারণেই পরিচালক সন্দীপ রেড্ডি ভাঙ্গার ছবি থেকে বাদ পড়েছিলেন দীপিকা।

যদিও সেই ইস্যু নিয়ে যখন সরগরম বিনোদুনিয়া তখনই অ্যাটলির ছবিতে আল্লু অর্জুনের সঙ্গে অভিনয় করার খবর দিয়েছিলেন নায়িকা।

# ছেলের বন্ধুরা 'দিদি' বলে ডাকে: শ্রাবন্তী

বাংলাপ্রেস ডেস্ক



ভারতীয় বাংলা সিনেমার জনপ্রিয় অভিনেত্রী শ্রাবন্তী চ্যাটার্জি। ব্যক্তিগত জীবন নিয়ে বছরজুড়েই আলোচনায় থাকেন। খুব অল্প বয়সে মা হওয়ার কারণে ছেলে অভিমন্যুর (ঝিনুক) সঙ্গেই যেন বেড়ে উঠেছেন এই অভিনেত্রী। পুত্রের সঙ্গে শ্রাবন্তীর বয়সের ব্যবধান মাত্র ১৬ বছর।

কিছু দিন পরই দুর্গাপূজা। দীর্ঘ ১০ বছর পর পূজায় মুক্তি পাচ্ছে শ্রাবন্তী অভিনীত 'দেবী চৌধুরাণী' সিনেমা। এ উপলক্ষে ভারতীয় একটি গণমাধ্যমে সাক্ষাৎকার দিয়েছেন এই অভিনেত্রী। এ আলাপচারিতায় জানতে চাওয়া হয়, অভিমন্যুর বন্ধুরা কি শ্রাবন্তীকে 'আন্টি' বলে ডাকে? জবাবে শ্রাবন্তী বলেন, "ছেলের বন্ধুরা তো আমারও বন্ধু! দু-একজন ছাড়া আর কেউ 'আন্টি' বলে না। ওদের সবার কাছে আমি দিদি।" খুব কাছ থেকে জেন-জিদের সঙ্গে মিশছেন। ইন্ডাস্ট্রিতেও অনেকে আপনার ছেলের বয়সি, তারাও কাজ শুরু করছেন। কী পার্থক্য লক্ষ করছেন? জবাবে শ্রাবন্তী চ্যাটার্জি বলেন, "ছেলে এবং ওর বন্ধুদের সঙ্গে মিশি তো! তাই লিঙ্গসাম্য নিয়ে ওদের সচেতনতা, ওদের ভাষা সহজেই বুঝতে পারি।

# প্রেক্ষাগৃহের পর এবার ওটিটিতে 'জয়া আর শারমিন'

বাংলাপ্রেস ডেস্ক

জীবন-প্রাণ-জ্ঞানকে তুচ্ছ করে পৃথিবীতে নেমে এসেছিল কভিড-১৯। মানুষের মধ্যে জন্মেছিল নতুন বোধ। সেই লকডাউনের সময়, প্রতিটি মানুষের জীবনই যেন একেকটি অসহায়ত্ব এবং নিজেকে নিজের বাঁচিয়ে রাখার গল্প। এমন কিছু দিন-সময়, জীবন-উপলব্ধি, সম্পর্ক-মনস্তত্ব ফ্রেমে ধরেছেন নির্মাতা পিপলু আর খান।

নির্মাণ করেছেন সিনেমা 'জয়া আর শারমিন'।

সম্পূর্ণ ভিন্ন সামাজিক স্তরের দুই নারীড়একজন অভিনেত্রী ও তাঁর গৃহকর্মী, একটি ঘরের মধ্যে আবদ্ধ। সেই নির্জন আবদ্ধতায় তাদের মধ্যে ধীরে ধীরে গড়ে ওঠে এক ভঙ্গুর সম্পর্ক, যা এক সময় বিচ্ছিন্ন হয়ে পড়ে নিঃসঙ্গতা ও সম্পর্কের পরিবর্তনের ভারে। প্রেক্ষাগৃহের পর এবার দেশীয় একটি ওটিটি প্ল্যাটফরমে মুক্তি পেতে যাচ্ছে 'জয়া আর শারমিন'।

আগামী ২৫ সেপ্টেম্বর এটি মুক্তি পাবে বলে জানা গেছে।

নির্মাতা পিপলু আর খান বলেন, সিনেমাটি ওটিটিতে মুক্তি পাওয়াটা আমাদের জন্য খুব আনন্দের। আমরা যে সময়ের কথা বলতে চেয়েছি বা যেটা দেখাতে চেয়েছি, সেটা সহজেই এবার দর্শকদের কাছে পৌঁছে যাবে আশা করি। সিনেমায় রয়েছে দুই নারীর মনস্তত্ত্ব।



# এক সপ্তাহে বাজার মূলধন কমল ১৪৬ কোটি টাকা

বাংলাপ্রেস ডেস্ক

গত সপ্তাহজুড়ে লেনদেন হওয়া যে কটি প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম বেড়েছে, তার সাড়ে চারগুণ বেশি প্রতিষ্ঠানের দরপতন হয়েছে। বিপুল পরিমাণ প্রতিষ্ঠানের দরপতনের পরও প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) বাজার মূলধন কমেছে মাত্র ১৪৬ কোটি টাকা। তবে এতে সূচকের বড় পতন হয়েছে। সেই সঙ্গে কমেছে লেনদেনের গতি। এর মাধ্যমে টানা দুই সপ্তাহ শেয়ারবাজারে পতন হলো।

গত সপ্তাহজুড়ে ডিএসইতে লেনদেন হওয়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে মাত্র ৬৮টির স্থান হয়েছে দাম বাড়ার তালিকায়। বিপরীতে দাম কমেছে ৩০৬টির। আর ২৩টির দাম অপরিবর্তিত রয়েছে। অর্থাৎ দাম বাড়ার তুলনায় দাম কমার তালিকায় ৪ দশমিক ৫০ গুণ বেশি প্রতিষ্ঠান রয়েছে। অন্যভাবে বলা যায়, সপ্তাহজুড়ে ডিএসইতে লেনদেনে অংশ নেওয়া ৭৭ শতাংশ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমেছে।

এমন বিপুল পরিমাণ প্রতিষ্ঠানের দরপতনের পরও সপ্তাহের শেষ কার্যদিবসের লেনদেন শেষে ডিএসইর বাজার মূলধন দাঁড়িয়েছে ৭ লাখ ২৪ হাজার ৪৬৬ কোটি টাকা। যা আগের সপ্তাহের শেষ কার্যদিবসে ছিল ৭ লাখ ২৪ হাজার ৬১২ কোটি টাকা। অর্থাৎ সপ্তাহের ব্যবধানে বাজার মূলধন কমেছে ১৪৬ কোটি টাকা বা দশমিক শূন্য ২ শতাংশ। আগের সপ্তাহে বাজার মূলধন কমে ৩ হাজার ১৮০ কোটি টাকা।

বাজার মূলধন অল্প পরিমাণে কমলেও সবকটি মূল্যসূচকের বড় পতন হয়েছে। ডিএসইর প্রধান মূল্যসূচক ডিএসইএক্স সপ্তাহজুড়ে কমেছে ৭৩ দশমিক ৮৫ পয়েন্ট বা ১ দশমিক ৩৪ শতাংশ। আগের সপ্তাহে সূচকটি কমে ৯০ দশমিক ৫০ পয়েন্ট বা ১ দশমিক ৬১ শতাংশ। অর্থাৎ টানা দুই সপ্তাহের পতনে ডিএসইর প্রধান মূল্যসূচক কমলো ১৬৪ পয়েন্ট।

অন্য দুই সূচকের মধ্যে বাছাই করা ভালো কোম্পানি নিয়ে গঠিত ডিএসই-৩০ সূচক গত সপ্তাহজুড়ে কমেছে ৪৩ দশমিক ৯৪ পয়েন্ট বা ২ দশমিক শূন্য ৪ শতাংশ। আগের সপ্তাহে সূচকটি কমে ৩১ দশমিক ৬৮ পয়েন্ট। দুই সপ্তাহে বাছাই করা কোম্পানি নিয়ে গঠিত সূচক কমেছে ৭৫ পয়েন্ট।

আর ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত কোম্পানি নিয়ে গঠিত ডিএসই শরিয়াহ সূচক গত সপ্তাহজুড়ে কমেছে ১৮ দশমিক ১১ পয়েন্ট বা ১ দশমিক ৫১ শতাংশ। আগের সপ্তাহে সূচকটি কমে ৩৩ দশমিক ৭৫ পয়েন্ট বা ২ দশমিক ৭৪ শতাংশ।

এদিকে গত সপ্তাহের ডিএসইতে লেনদেনের গতিও কমেছে। সপ্তাহের প্রতি কার্যদিবসে ডিএসইতে গড়ে লেনদেন হয়েছে ৭০১ কোটি ৬ লাখ টাকা। আগের সপ্তাহে প্রতিদিন গড়ে লেনদেন হয় ১ হাজার ১৪৯ কোটি ৬৬ লাখ টাকা। অর্থাৎ প্রতি কার্যদিবসে গড় লেনদেন কমেছে ৪৪৮ কোটি ৬০ লাখ টাকা বা ৩৯ দশমিক শূন্য ২ শতাংশ।

সপ্তাহজুড়ে ডিএসইতে টাকার অঙ্কে সব থেকে বেশি লেনদেন হয়েছে খান ব্রদার্স পিপি ওভেন ব্যাগের শেয়ার। কোম্পানিটির শেয়ার প্রতিদিন গড়ে লেনদেন হয়েছে ৩১ কোটি ৫৮ লাখ টাকা, যা মোট লেনদেনের ৪ দশমিক ৫০ শতাংশ। দ্বিতীয় স্থানে থাকা সামিট অ্যালায়েন্স পোর্টের শেয়ার প্রতিদিন গড়ে লেনদেন হয়েছে ২০ কোটি ৩৯ লাখ টাকা। প্রতিদিন গড়ে ১৭ কোটি ৮০ লাখ টাকা লেনদেনের মাধ্যমে তৃতীয় স্থানে রয়েছে রবি।

এ ছাড়া লেনদেনের শীর্ষ দশ প্রতিষ্ঠানের তালিকায় রয়েছে–এশিয়াটিক ল্যাবরেটরিজ, টেকনো ড্রাগস, ওরিয়ন ইনফিউশন, সোনালী পেপার, লাভেলো আইসক্রিম, সি পার্ল বিচ রিসোর্ট এবং ইনফরমেশন সার্ভিসেস নেটওয়ার্ক।

# সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামানের বিদেশে সম্পদ অর্জনের ২৩ বস্তা নথি জব্দ

বাংলাপ্রেস ডেস্ক

চট্টগ্রামের আনোয়ারা আসনের সাবেক সাংসদ ও সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদের স্ত্রী রুকমিলা জামানের ড্রাইভারের বাড়ি থেকে ২৩ বস্তা গুরুত্বপূর্ণ নথি জব্দ করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

রবিবার (২১ সেপ্টেম্বর) ভোরে চট্টগ্রামের কর্ণফুলী থানার শিকলবাহা ইউনিয়নের সিকদার বাড়ি এলাকায় জাবেদ পরিবারের পারিবারিক গাড়ি চালক ইলিয়াসের বাড়ি থেকে এসব নথি জব্দ করা হয়।

দুদকের প্রধান কার্যালয়ের উপ-পরিচালক মশিউর রহমান বিপুল পরিমাণ নথি জব্দের সত্যতা নিশ্চিত করে জানান, গত ১৬ সেপ্টেম্বর রাতে চট্টগ্রামের আগ্রাবাদ এলাকা থেকে গ্রেপ্তার করা হয় সাবেক ভূমিমন্ত্রী জাবেদের বিদেশে অর্থ পাচারে সংশ্লিষ্ট আব্দুল আজিজ ও উৎপল পাল নামক দুই ঘনিষ্ট সহযোগীকে। গ্রেপ্তারের পর আদালতের মাধ্যমে পাঁচ দিনের রিমান্ডে নেওয়া হয়।

রিমান্ডে থাকা এই আসামিরা জানায়, জাবেদের বিদেশে অর্জিত সম্পদ এবং অর্থপাচার সংশ্লিষ্ট বিভিন্ন গরুত্বপূর্ণ নথি সরিয়ে জাবেদের স্ত্রী রুখমিলা জামানের ড্রাইভারের বাড়িতে রাখা হয়েছে। এই তথ্যের ভিত্তিতে আজ রবিবার ভোরে রুকমিলা জামানের কর্ণফুলী থানা এলাকার বাড়িতে অভিযান চালায় দুদক।

অভিযানে ড্রাইভার ইলিয়াসের বাড়ি থেকে ২৩ বস্তা গুরুত্বপূর্ণ নথি জব্দ করা হয়েছে। এসব নথির মধ্যে জাবেদের বিদেশে অর্থ পাচার, বিভিন্ন বিল পরিশোধ, দেশে-বিদেশে সম্পদ, ভাড়া আদায়সহ নানা গুরুত্বপূর্ণ নথি রয়েছে। এ ব্যাপারে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন আছে বলে দুদক জানিয়েছে।








# বাইডেন-হ্যারিসকে সমর্থন করতে অস্বীকার করেছিলেন মামদানি

ছাবেদ সাথী






জোহরান মামদানির সমর্থকেরা ডেমোক্র্যাটিক নেতাদের ওপর চাপ অব্যাহত রেখেছেন, জোর দিয়ে বলছেন যে তাদের প্রার্থী দলের নেতৃত্বের সমর্থন পাওয়ার অধিকার রাখেন। কিন্তু তাদের হঠাৎ করে "ভোট ব্লু, নো ম্যাটার হু" প্রতিশ্রুতি মামদানির সাম্প্রতিক ইতিহাসকে আড়াল করছে। তারা চায় ঢেকে দিতে যে, আমেরিকার সবচেয়ে গুরুত্বপূর্ণ মুহূর্তে মামদানি সক্রিয়ভাবে ডেমোক্র্যাটদের ক্ষতি করার চেষ্টা করেছিলেন। প্রতিনিধি আলেক্সান্দ্রিয়া ওকাসিও-কর্তেজ (ডি-নিউইয়র্ক) গত সপ্তাহে ঘোষণা করেছিলেন, "যদি কেউ এখন দলের প্রার্থীকে সমর্থন না করতে চান, তাহলে পরে ভোটারদের কাছে সমর্থন চাইতে গেলে তা জটিল হয়ে পড়ে।" একদম ঠিক। এই একই যুক্তিই আজ মামদানিকে সমর্থন থেকে বঞ্চিত করে।

মামদানি শুধু ভাইস প্রেসিডেন্ট কামালা হ্যারিস এবং প্রেসিডেন্ট জো বাইডেনকে সমর্থন করতে ব্যর্থ হননি, বরং তাদের বিরুদ্ধে প্রকাশ্যে কথা বলেছেন এবং সংগঠিত করেছেন। ২০২৪ সালের মার্চে মামদানি ভোটারদের আহ্বান জানান বাইডেনকে ভোট না দিতে। "গর্বিত ডেমোক্র্যাট, নির্বাচিত প্রতিনিধি এবং নিউইয়র্কার হিসেবে," মামদানি ঘোষণা করেছিলেন, "আমরা লিভ ইট ব্ল্যাঙ্ক প্রচারণাকে সমর্থন করছি।"

গত গ্রীষ্মে, যখন বিশ্ব দেখছিল ডেমোক্র্যাটরা ইতিহাস তৈরি করছে একটি বড় দলের প্রেসিডেন্ট নির্বাচনে প্রথম কৃষ্ণাঙ্গ নারীকে মনোনীত করে, মামদানি গর্বের সঙ্গে "আনকমিটেড মুভমেন্ট"-কে মঞ্চ দিয়েছিলেন, যা তার কনভেনশনের বিরোধিতা করেছিল।

এটি নিছক মতবিরোধ ছিল না। এটি ছিল একটি সচেতন এবং সফল প্রচেষ্টা ডেমোক্র্যাটিক টিকিটকে সাধারণ নির্বাচনে নস্যাৎ করার ড় যখন ঝুঁকি ছিল সর্বাধিক, যখন প্রতিটি ভোট ছিল গুরুত্বপূর্ণ, যখন ডেমোক্র্যাটরা নিরলসভাবে কাজ করছিলেন এক স্বৈরাচারী উন্মত্ত ব্যক্তিকে পরাজিত করার জন্য, যিনি ইতিমধ্যেই সহিংস বিদ্রোহ উসকে দিয়েছিলেন শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর ঠেকাতে।

মামদানি পুনর্নির্বাচনে সহায়তা করেছিলেন সেই ব্যক্তিকে, যিনি আমেরিকার ইতিহাসে নাগরিক অধিকার, নাগরিক স্বাধীনতা, সামাজিক ন্যায়বিচার এবং গণতন্ত্রের সবচেয়ে ভয়াবহ ক্ষতির জন্য দায়ী।

ফলাফল ভয়াবহ। আমরা অতি দ্রুত অনেক কিছু হারাচ্ছি। আমাদের গণতন্ত্র দ্রুত পিছিয়ে যাচ্ছে, বিচারব্যবস্থা প্রতিদিন পরীক্ষার মুখে পড়ছে।

নারী, কৃষ্ণাঙ্গ ও বাদামি আমেরিকান, অভিবাসী, খএইঞছ জনগোষ্ঠী, শ্রমজীবী ও দরিদ্র শ্রেণির মতো প্রান্তিক জনগোষ্ঠী অবরোধের মুখে পড়েছে। আমেরিকার সামরিক বাহিনী আমেরিকান নাগরিকদের বিরুদ্ধে আমেরিকার রাস্তায় নামানো হচ্ছে। ট্রাম্প নির্লজ্জভাবে সবকিছু রাজনীতিকরণ করেছেন ড় ফেডারেল রিজার্ভ থেকে শুরু করে দাসত্বের ইতিহাস, জনস্বাস্থ্য পর্যন্ত।

এমন পরিস্থিতিতে ডেমোক্র্যাটদের অবশ্যই স্পষ্টতা, ঐক্য ও গুরুত্ব প্রদর্শন করতে হবে ড় বিশেষ করে ঝুঁকিপূর্ণ ২০২৬-এর মধ্যবর্তী নির্বাচনের আগে। সারা দেশের ডেমোক্র্যাট ও স্বতন্ত্র ভোটাররা মধ্যপন্থী নীতি ও ভঙ্গির প্রতি পরিষ্কার ঝোঁক দেখিয়েছেন এবং রিপাবলিকানদের তৈরি করা বামপন্থী তকমাকে প্রত্যাখ্যান করেছেন, যা রাজনৈতিকভাবে ক্ষতিকর সংস্কৃতির যুদ্ধে পরিণত হয়েছে।

মামদানির অবস্থান পুলিশি ব্যবস্থা, মুক্তবাজার, অভিবাসন, ইহুদি নিরাপত্তা এবং এমনকি ডেমোক্র্যাটিক পার্টির বৈধতা নিয়েও ড় জাতীয় ভোটারদের সঙ্গে একেবারেই সঙ্গতিপূর্ণ নয়। মামদানি জিতেছিলেন একটি অত্যন্ত স্থানীয় প্রাইমারিতে, যেখানে প্রতিদ্বন্দ্বিতা ছিল দুর্বল, দেশের সবচেয়ে ডেমোক্র্যাটপ্রধান অংশে, এবং একটি সংকীর্ণ, মতাদর্শিকভাবে একরঙা ভোটারগোষ্ঠীর দ্বারা চালিত। এই ফলাফলকে জাতীয় ডেমোক্র্যাটিক পার্টির জন্য দৃষ্টান্ত হিসেবে ধরা রাজনৈতিক আত্মঘাতিতা হবে ড় যা সেই ভোটার গোষ্ঠীগুলিকে দূরে ঠেলে দেবে, যাদের সমর্থন ফিরে পাওয়া ডেমোক্র্যাটদের জন্য অতি জরুরি সুইং স্টেট ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ জেলায় জিততে।

মামদানিকে সমর্থন দেওয়া মানে হবে এই বার্তা দেওয়া যে, দল এই দিকেই যাচ্ছে ড় যা শুধু ২০২৬-এর গুরুত্বপূর্ণ মধ্যবর্তী নির্বাচনে নয়, এ বছর ভার্জিনিয়া ও নিউ জার্সির গভর্নর নির্বাচনের মতো উচ্চ ঝুঁকির প্রতিযোগিতায়ও নেতিবাচক প্রভাব ফেলবে।

আমাদের দল মামদানিকে সমর্থন করলে তা ট্রাম্পের জন্য বিরাট উপহার হবে, যিনি প্রতিদিনই সুযোগ নেবেন সব ডেমোক্র্যাটকে "চরমপন্থী, আমেরিকাবিরোধী বামপন্থী" হিসেবে আখ্যায়িত করতে। এদিকে মামদানির ডেমোক্র্যাটিক সোশ্যালিস্ট সহকর্মীরা প্রকাশ্যে পরিকল্পনা করছেন কংগ্রেসে বসা ডেমোক্র্যাট সদস্যদের বিরুদ্ধে প্রাইমারি লড়াই করতে ড় যা হাউস পুনর্দখল এবং ট্রাম্পের সীমাহীন ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে লড়াইকে দুর্বল করবে।

মামদানিকে সমর্থন না করা মানে এনার্জি বা জনবান্ধব আন্দোলনকে প্রত্যাখ্যান করা নয়, কিংবা সার্বজনীন শিশুসেবা, খাদ্য নিরাপত্তা, সাশ্রয়ী আবাসনে বিনিয়োগ বা সর্বনিম্ন মজুরি বাড়ানোর মতো গুরুত্বপূর্ণ প্রগতিশীল ধারণা ত্যাগ করা নয় ড় বিশেষ করে নিউইয়র্কের মতো শহরে যেখানে সম্পদের বৈষম্য অগ্রহণযোগ্য।

আমিও চাই এসব নীতি আমাদের শহরে এবং আমাদের দেশে বাস্তবায়িত হোক ড় কিন্তু আমি জানি, আমরা কখনো তা পাব না যদি আমরা ডেমোক্র্যাটিক পার্টিকে চরমপন্থার হাত থেকে রক্ষা করতে ব্যর্থ হই, এবং আগামী শরতে আবারও গঅএঅ-কে বিজয় উপহার দিই। আমাদের দরকার স্থিতিশীলতা, প্রদর্শনী নয় অভিজ্ঞতা, ইন্তিফাদা নয়।

আমরা পার্টির প্রান্তিক অংশকে এর ভবিষ্যৎ নির্ধারণ করতে দিতে পারি না, যেমন রিপাবলিকানরা ২০১৬ সালে করেছিল। আমরা কি হব নীতিগত ও সুসংহত নেতৃত্বের দল, নাকি রিপাবলিকান পার্টির মতো ব্যক্তিপূজার পথে হাঁটব এবং আমেরিকাকে মেরুকরণের খাদে ঠেলে দেব?

যদি মামদানি নিউইয়র্ক সিটির পরবর্তী মেয়র হন, তবে প্রতিটি ডেমোক্র্যাট, প্রতিটি নিউইয়র্কার এবং প্রতিটি আমেরিকান তার সাফল্য কামনা করা উচিত এবং তার সঙ্গে কাজ করা উচিত শহরে নিরাপত্তা, সমৃদ্ধি ও সুযোগ এগিয়ে নিতে। কিন্তু আপাতত, ডেমোক্র্যাটিক পার্টির মামদানির কাছে কিছুই ঋণ নেই ড় বরং পার্টির ঋণ আছে তার জনগণের কাছে, আগামী শরতে কংগ্রেসে সংখ্যাগরিষ্ঠতা নিশ্চিত করার জন্য।

ছাবেদ সাথী
যুক্তরাষ্ট্র প্রবাসী লেখক, সাংবাদিক ও মার্কিন রাজনৈতিক বিশ্লেষক
সম্পাদক ও প্রকাশক : বাংলা প্রেস



# ৮১ শতাংশ নবজাতকের শরীরে মারাত্মক অ্যান্টিবায়োটিক প্রতিরোধী জীবাণু শনাক্ত

বাংলাপ্রেস ডেস্ক

বাংলাদেশের হাসপাতাল ও কমিউনিটিতে অ্যান্টিবায়োটিক প্রতিরোধী জীবাণুর ভয়াবহ বিস্তার ঘটছে। আইসিডিডিআর,বি-র নতুন গবেষণায় দেখা গেছে, নবজাতক থেকে প্রাপ্তবয়স্কড় সবার দেহেই উচ্চমাত্রায় প্রতিরোধী ব্যাকটেরিয়া রয়েছে। বিশেষ করে নবজাতক নিবিড় পরিচর্যা কেন্দ্রে ভর্তি শিশুদের ৮১ শতাংশের শরীরে শনাক্ত হয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক অগ্রাধিকারভুক্ত মারাত্মক জীবাণু কার্বাপেনেম-প্রতিরোধী ক্ল্যাবসিয়েলা নিউমোনি (সিআর-কেপিএন)।




বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) রাজধানীর মহাখালীর আইসিডিডিআর,বিতে অনুষ্ঠিত এক সেমিনারে বাংলাদেশে অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স মোকাবিলা : আর্চ গবেষণার ফলাফল- শীর্ষক গবেষণার ফল তুলে ধরা হয়।

আইসিডিডিআর,বি-র অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স ইউনিটের প্রধান ও সহযোগী বিজ্ঞানী ড. ফাহমিদা চৌধুরীর নেতৃত্বে এ গবেষণা পরিচালিত হয়।

গবেষণাটি ইউএস সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (সিডিসি), দ্য টাস্ক ফোর্স ফর গ্লোবাল হেলথ (টিএফজিএইচ) এবং স্বাস্থ্য অধিদপ্তরের সহায়তায় সম্পন্ন হয়েছে।

গবেষণায় দেখা যায়, নবজাতক নিবিড় পরিচর্যা কেন্দ্রে ভর্তি ৪২৩ শিশুর মধ্যে ৮১ শতাংশের দেহে সিআর-কেপিএন জীবাণুর উপস্থিতি পাওয়া গেছে। এর মধ্যে প্রায় ৭০ শতাংশ শিশু হাসপাতালে ভর্তি হওয়ার পর ৪৮ ঘণ্টার বেশি সময় পার করার পর এ জীবাণু দ্বারা আক্রান্ত হয়। গবেষকরা বলছেন, বিষয়টি স্পষ্টভাবে হাসপাতাল থেকেই সংক্রমণ ছড়ানোর প্রমাণ।

শুধু নবজাতক নয়, প্রাপ্তবয়স্ক রোগীদের অবস্থাও ভয়াবহ। আইসিইউতে ভর্তি ৬০ শতাংশ রোগীর শরীরে সিআরই পাওয়া গেছে। এসব কলোনাইজড রোগীর সংক্রমণ হওয়ার ঝুঁকি অনেক বেশি, একইসঙ্গে হাসপাতালে দীর্ঘ সময় কাটানোর প্রবণতাও বেড়ে যায়।

২০১৯ সালে শুরু হওয়া আর্চ গবেষণার প্রথম ধাপে সুস্থ মানুষ ও হাসপাতালে ভর্তি রোগীদের দেহে অ্যান্টিবায়োটিক প্রতিরোধী জীবাণুর ব্যাপক উপস্থিতি পাওয়া গিয়েছিল। সুস্থ কমিউনিটি সদস্যদের মধ্যে ৭৮ শতাংশ এবং হাসপাতালে ভর্তি রোগীদের মধ্যে ৮২ শতাংশের শরীরে এক্সটেন্ডেড-স্পেকট্রাম সেফালোস্পোরিন-প্রতিরোধী এন্টারোব্যাকটেরিয়ালস (ইএসসিআরইই) ছিল। এছাড়া, হাসপাতালে ভর্তি ৩৭ শতাংশ এবং কমিউনিটির ৯ শতাংশ মানুষের শরীরে কার্বাপেনেম-প্রতিরোধী এন্টারোব্যাকটেরিয়ালস শনাক্ত হয়। কলিস্টিন-প্রতিরোধী জীবাণু কমিউনিটির ১১ শতাংশ ও হাসপাতালের ৭ শতাংশ মানুষের মধ্যে পাওয়া যায়। প্রতি পাঁচজনের একজন অংশগ্রহণকারীর শরীরে মেথিসিলিন-প্রতিরোধী স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস (এমআরএসএ) শনাক্ত হয়েছে।

শিশুদের ক্ষেত্রেও গবেষণার ফল উদ্বেগ বাড়িয়েছে। জন্মের প্রথম বছরেই প্রায় ৪০ শতাংশ শিশুর শরীরে সিআরই এবং ৯০ শতাংশের দেহে ইএসসিআরইই-এর উপস্থিতি পাওয়া গেছে। বিশেষ করে যেসব শিশু জন্মের পর ৭২ ঘণ্টার বেশি হাসপাতালে ছিল, তাদের ঝুঁকি সর্বাধিক। আরও দেখা যায়, এক বছর পূর্ণ হওয়ার আগেই ৮০ শতাংশ শিশু অন্তত একবার অ্যান্টিবায়োটিক ব্যবহার করেছে, যা তাদের শরীরের স্বাভাবিক জীবাণুর ভারসাম্য নষ্ট করছে।

তবে পুরো চিত্রের মধ্যে আশার আলোও রয়েছে। গবেষণা বলছে, স্বাস্থ্যকর্মীদের নিয়মিত হাত ধোয়ার অভ্যাস, হাসপাতালের পরিবেশ পরিষ্কার রাখা এবং সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (আইপিসি) ব্যবস্থা জোরদার করলে প্রতিরোধী জীবাণু দ্বারা কলোনাইজেশন ও সংক্রমণ অনেকাংশে কমানো সম্ভব।

# সাড়ে ৩ হাজার সিনিয়র স্টাফ নার্স নিয়োগের প্রজ্ঞাপন জারি

বাংলাপ্রেস ডেস্ক

সাড়ে ৩ হাজার সিনিয়র স্টাফ নার্স নিয়োগের প্রজ্ঞাপন জারি করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। সোমবার (১৫ সেপ্টেম্বর) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের অতিরিক্ত সচিব এটিএম সাইফুল ইসলাম স্বাক্ষরিত প্রজ্ঞাপনের মাধ্যমে নতুন নিয়োগ করা সিনিয়র স্টাফ নার্সদের পদায়ন করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের জারি করা নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশক্রমে স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৫ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের প্রজ্ঞাপনমূলে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন 'সিনিয়র স্টাফ নার্স' পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১/৬০০০-৩৮-৬৪০/- বেতনক্রমে নবনিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সদেরকে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে পদায়ন করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়, নবনিয়োগকৃত এবং পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সদেরকে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত হাসপাতাল/স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে যোগদান করতে হবে এবং এক্ষেত্রে স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত যোগদান পত্রের নির্ধারিত নমুনা অনুসরণ করতে হবে।

পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সদের পরবর্তী বদলি/পদায়ন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর থেকে স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক সর্বশেষ জারিকৃত নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন ১০ গ্রেডভুক্ত নার্সদের বদলি নীতিমালা অনুযায়ী সম্পন্ন হবে।

প্রজ্ঞাপনে বলা হয়, নিয়োগপ্রাপ্তদেরকে একজন জামানতদারসহ ৩০০ টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ৩ বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন।

চাকরিতে যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সদেরকে ৩০০ টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নেবেন না এবং কোনো যৌতুক দেবেন না।



# অ্যান্টিবায়োটিকের অপব্যবহার 'উদ্বেগজনক', সমন্বিত পদক্ষেপের পরামর্শ

বাংলাপ্রেস ডেস্ক

বাংলাদেশে অ্যান্টিবায়োটিকের অপব্যবহার মারাত্মক হুমকিতে পরিণত হয়েছে। নবজাতক থেকে শুরু করে প্রাপ্তবয়স্ক সব বয়সী রোগীর শরীরে অ্যান্টিবায়োটিক প্রতিরোধী ব্যাকটেরিয়ার ব্যাপক উপস্থিতি শনাক্ত হয়েছে, যা চিকিৎসা ব্যবস্থার জন্য ভয়াবহ সংকেত বলে মনে করছেন স্বাস্থ্য বিশেষজ্ঞরা।

তারা বলছেন, জীবনরক্ষাকারী ওষুধ কার্যকর রাখতে এখনই সমন্বিত উদ্যোগ নেওয়া প্রয়োজন, না হলে ভবিষ্যৎ প্রজন্ম ভয়াবহ সংকটে পড়বে।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) রাজধানীর মহাখালীর আইসিডিডিআর,বিতে অনুষ্ঠিত 'বাংলাদেশে অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স মোকাবিলা: আর্চ গবেষণার ফলাফল' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন।

বক্তারা বলেন, নিয়ন্ত্রণহীন অ্যান্টিবায়োটিক ব্যবহার, হাসপাতালের সংক্রমণ এবং জনসচেতনতার ঘাটতি একত্রে পরিস্থিতি জটিল করছে। তারা অ্যান্টিবায়োটিকের সঠিক ব্যবহার নিশ্চিত করতে সমন্বিত পদক্ষেপ গ্রহণ, কঠোর নীতি বাস্তবায়ন এবং জনগণকে সচেতন করার উপর জোর দেন।

অনুষ্ঠানে ভার্চুয়ালি যোগ দিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদার) অধ্যাপক ডা. মো. সায়েদুর রহমান বলেন, আমি এ গবেষণার ফলাফলগুলোকে অত্যন্ত উদ্বেগজনক এবং একই সঙ্গে মূল্যবান হিসেবে দেখছি। এগুলো আমাদের কৌশল ও ভবিষ্যৎ কর্মপন্থাকে আরও সূক্ষ্মভাবে সাজাতে সাহায্য করবে।

তিনি আরও যোগ করেন, আমরা অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্সের ক্রমবর্ধমান হুমকি মোকাবিলায় সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ।

আইসিডিডিআর,বি-র নির্বাহী পরিচালক ড. তাহমিদ আহমেদ বলেন, প্রেসক্রিপশন ছাড়া ঘুমের ওষুধ বিক্রি নিয়ন্ত্রণে আনার মতোই অ্যান্টিবায়োটিক বিক্রিতেও কঠোর নীতি প্রণয়ন জরুরি। তার মতে, এটি একটি বহু-খাতীয় সমস্যা যার সমাধান সমন্বিত স্বাস্থ্য ব্যবস্থাভিত্তিক পদক্ষেপ ছাড়া সম্ভব নয়।

ইউএস সিডিসির ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর ব্রায়ান হুইলার বলেন, অ্যান্টিবায়োটিক প্রতিরোধ একটি বৈশ্বিক সংকট এবং এর সমাধান বহুমাত্রিক। তিনি সতর্ক করেন, প্রতিটি সমাধানেরই একটি খরচ আছে, যা এটিকে কেবল বৈজ্ঞানিক নয়, স্বাস্থ্য অর্থনীতি ও নীতির বিষয়েও রূপ দিয়েছে।

এছাড়া আইইডিসিআর-এর পরিচালক অধ্যাপক ড. তাহমিনা শিরিন, স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ড. শেখ সায়িদুল হক এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ড. মো. শিব্বির আহমেদ ওসমানীও বক্তব্য রাখেন। তারা বলেন, হাসপাতাল-সংক্রমণ নিয়ন্ত্রণ, নজরদারি শক্তিশালীকরণ এবং যুক্তিসংগত অ্যান্টিবায়োটিক ব্যবহারের বিষয়ে এখনই কার্যকর পদক্ষেপ না নিলে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে।

# 'মগজখেকো' অ্যামিবা সংক্রমণ সামলাতে কেরালায় বিশেষ পদক্ষেপ


বাংলাপ্রেস ডেস্ক

দক্ষিণ ভারতের কেরালায় মস্তিষ্কখেকো জীবাণুর প্রাদুর্ভাব ঘটেছে। ওনাম উৎসবের ঠিক আগে ৪৫ বছর বয়সী শোভনা নামের এক নারী এই রোগে মারা যান। এ বছর রাজ্যে এখন পর্যন্ত প্রায় ৭০ জন আক্রান্ত হয়েছেন, এর মধ্যে ১৯ জনের মৃত্যু হয়েছে। মৃতদের মধ্যে শিশু থেকে শুরু করে প্রবীণও রয়েছেন।

ঘাতক রোগটি হলো ন্যাগ্লেরিয়া ফাওলেরি, সাধারণভাবে যাকে মগজখেকো অ্যামিবা বলা হয়।

মিষ্টি পানিতে থাকা এই অ্যামিবা নাক দিয়ে মানবদেহে প্রবেশ করে। এটি এমনই এক অতি বিরল রোগ, যার চিকিৎসা হয়ত অনেক ডাক্তারকে তার পুরো পেশাগত জীবনে একবারের জন্যও করার প্রয়োজনই হয় না।

নায়েগ্লেরিয়া ফাউলেরি নামের একটি এককোষী প্রাণী বা অ্যামিবা এই রোগটির জন্য দায়ী। পুকুর, নদী, অপরিষ্কার কুয়া এবং ক্লোরিন কমড় এমন সুইমিংপুলে বাস এবং



বংশবিস্তার কারী এই অ্যামিবা নিঃশ্বাসের সময় নাক দিয়ে মানুষের মস্তিষ্কে প্রবেশ করে। তারপর মস্তিষ্কের কোষ-টিস্যুগুলো খাওয়া এবং বংশবিস্তার শুরু করে। কেরালায় ২০১৬ সাল থেকে এই রোগ চিহ্নিত হচ্ছে। কিছুদিন আগে পর্যন্তও বছরে একটি বা দুটি সংক্রমণের ঘটনা সামনে আসত। প্রায় সব ক্ষেত্রেই রোগীর মৃত্যু হতো।

সম্প্রতি প্রকাশিত একটি গবেষণায় দেখা গেছে যে সারা পৃথিবীতে ১৯৬২ সাল থেকে এই রোগী চিহ্নিত হয়েছে মাত্র ৪৮৮ জন। বেশিরভাগই মার্কিন যুক্তরাষ্ট্র, পাকিস্তান আর অস্ট্রেলিয়ার ঘটনা। রোগীদের মধ্যে ৯৫ শতাংশেরই মৃত্যু হয়েছে।

কেরালায় প্রায় ৫৫ লাখ কুয়া ও ৫৫ হাজার পুকুর রয়েছে। রাজ্যের অধিকাংশ মানুষ এসব উৎস থেকে দৈনন্দিন পানি সংগ্রহ করেন। অনেক জলাশয় দূষিত থাকায় সংক্রমণের ঝুঁকিও বেশি।

বিশ্বে ১৯৬২ থেকে এখন পর্যন্ত এই রোগের রোগী শনাক্ত হয়েছেন মাত্র ৪৮৮ জন, যাদের ৯৫ শতাংশই মারা গেছেন। তবে কেরালায় সাম্প্রতিক বছরগুলোতে বেঁচে যাওয়া রোগীর সংখ্যা বাড়ছে। চিকিৎসকরা বলছেন, আধুনিক পরীক্ষাগারে দ্রুত শনাক্তকরণ এবং অ্যান্টিমাইক্রোবায়াল ওষুধ ও স্টেরয়েডের মিশ্রণ প্রয়োগের কারণে এ অগ্রগতি সম্ভব হয়েছে।

মগজখেকো' অ্যামিবা সংক্রমণ সামলাতে বিশেষ পদক্ষেপ নিয়েছে কেরালা। পদক্ষেপগুলো হলোড়

প্রায় ২৭ লাখ কুয়া ক্লোরিন দিয়ে দূষণমুক্ত করার অভিযান

পুকুরে সাঁতার ও গোসল নিষিদ্ধ করে সতর্কতামূলক বোর্ড স্থাপন

সুইমিং পুল ও ট্যাংক নিয়মিত ক্লোরিনেশনের নির্দেশ

এছাড়াও জনগণকে সচেতন করতে প্রচারণা: নাকে প্লাগ ব্যবহার, অপরিশোধিত পানি এড়িয়ে চলা, শিশুদের ঝুঁকিপূর্ণ পানি থেকে দূরে রাখা।

# ডেঙ্গু রোগীদের চিকিৎসায় স্বাস্থ্য অধিদপ্তরের নতুন নির্দেশনা

বাংলাপ্রেস ডেস্ক

ডেঙ্গু রোগীদের চিকিৎসা আরও সুশৃঙ্খল করতে সরকারি হাসপাতালগুলোকে নতুন নির্দেশনা দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। নির্দেশনা অনুযায়ী, ডেঙ্গু চিকিৎসায় দেশের সব হাসপাতালকে অবিলম্বে বিশেষ ওয়ার্ড তৈরি করতে হবে এবং একটি নির্দিষ্ট চিকিৎসা টিম গঠন করতে হবে। স্বাস্থ্য অধিদপ্তর মনে করছে, এ ব্যবস্থার মাধ্যমে রোগীর সেবা উন্নত হবে, ঝুঁকি কমবে ও হাসপাতালে চিকিৎসার মান বৃদ্ধি পাবে। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ) ডা. আবু হোসেন মো. মঈনুল আহসান স্বাক্ষরিত এক চিঠিতে এসব জরুরি নির্দেশনা দেওয়া হয়।




নির্দেশনায় বলা হয়েছে, হাসপাতালগুলোতে ভর্তিকৃত ডেঙ্গু রোগীদের জন্য বিশেষ ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বিশেষ করে ডেঙ্গু রোগীদের চিকিৎসায় এনএস-১ পরীক্ষা, জরুরি চিকিৎসা ও পর্যাপ্ত ঔষধের ব্যবস্থা করতে হবে। হাসপাতালে ভর্তিকৃত রোগীদের একটি নির্দিষ্ট ওয়ার্ড বা কক্ষে রাখা জরুরি। আইসিইউ প্রয়োজন হলে অগ্রাধিকার দিতে হবে। এ ছাড়া চিকিৎসক ও নার্সদের জন্য বিশেষ দায়িত্ব নির্ধারণ করা হয়েছে। এতে বলা হয়েছে, ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগীদের চিকিৎসার জন্য মেডিসিন, শিশু ও অন্যান্য বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি বোর্ড গঠন করতে হবে। এই বোর্ডের তত্ত্বাবধানে মেডিকেল অফিসার, রেসিডেন্ট ও প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসকদের একটি দল শুধু এই রোগীদের চিকিৎসা দেবেন। হাসপাতালের বহির্বিভাগে আগত সন্দেহভাজন রোগীদেরও একটি নির্দিষ্ট কক্ষে একই বোর্ড ও চিকিৎসকরা চিকিৎসা দেবেন। নির্দেশনায় আরও বলা হয়েছে, হাসপাতালের চারপাশে মশক নিধন ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য হাসপাতাল পরিচালককে সিটি কর্পোরেশন বা পৌরসভাকে পত্র দিতে হবে। প্রতি শনিবার সকাল ১০টায় হাসপাতালে পরিচালক, তত্ত্বাবধায়ক ও সিভিল সার্জনের সভাপতিত্বে ডেঙ্গু সমন্বয় সভা করতে হবে।

SANGEET ACADEMY

বেঁচে থাকতে গান করো,
মরার আগে দান করো

# ভর্তি চলছে

বিশেষ চাহিদা সম্পন্ন
শিশু-কিশোরদের
'স্পিচ থেরাপি'
প্রদান করা হয়।

+১ ৮৬০-৭১৩-১২৮৫

যুক্তরাষ্ট্রে বেড়ে ওঠা ছেলেমেয়েদের অত্যন্ত যত্নসহকারে
বাংলা ভাষা ও গান শেখানো হয়।



আগ্রহী অভিভাবকগণ
যোগাযোগ করুন

পরিচালক: সঙ্গীত একাডেমি, কানেকটিকাট, যুক্তরাষ্ট্র
কৌশলী ইমা
সমকালীন ও লোকগানের শিল্পী

+১ ৮৬০-৭১৩-১২৮৫
sacademyct@gmail.com

সোমবার • ২২ সেপ্টেম্বর ২০২৫ • ৭ আশ্বিন ১৪৩২

কান খুলে দেখি
বাংলা প্রেস



## আমিরাতের ভিসা নিষেধাজ্ঞা দেওয়ার সংবাদটি গুজব : রাষ্ট্রদূত

বাংলাপ্রেস ডেস্ক

বাংলাদেশসহ এশিয়া ও আফ্রিকার ৯টি দেশের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে বলে যে খবর প্রকাশিত হয়েছে তা ভুয়া (গুজব) বলে জানিয়েছেন সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তারেক আহমেদ।

শনিবার (২০ সেপ্টেম্বর) একাধিক সংবাদমাধ্যমের খবরে বলা হয়, বাংলাদেশসহ এশিয়া ও আফ্রিকার ৯টি দেশের ওপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করেছে সংযুক্ত আরব আমিরাত।

ইউএই ভিসা অনলাইন নামক যে ওয়েবসাইটে এ তথ্য দিয়েছে, সেটি সরকারি কোনো ওয়েবসাইট নয় বলে জানান প্রবাসী বাংলাদেশিরা। তারা বলেন, সেটি সাধারণ ভিসা ব্যবসায়ীর একটি ওয়েবসাইট। সেটা দেখে দেশের মিডিয়ার এ ধরনের সংবাদ কোনোভাবেই প্রবাসীদের কাম্য নয়।

এ বিষয়ে সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তারেক আহমেদ বলেন, 'সরকারিভাবে এরকম কোনো নোটিফিকেশন আমরা পাইনি। আমাদের কাছে মনে হয়েছে, এটা একটি দুরভিসন্ধিমূলক প্রচারণা।'

# ইন্দোনেশিয়ায় পাঁচ দিনব্যাপী আন্তঃধর্মীয় সম্মেলন

বাংলাপ্রেস ডেস্ক

ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় খ্রিষ্টান কনফারেন্স অব এশিয়ার উদ্যোগে ফ্রিডম অব রিলিজিয়ন অ্যান্ড রিলিজিয়াস মাইনোরিটিজ ইন এশিয়া' শীর্ষক আন্তঃধর্মীয় সম্মেলন শুরু হয়েছে।

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) শুরু হওয়া পাঁচ দিনব্যাপী এ সম্মেলনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইন্দোনেশিয়া সরকারের ধর্মমন্ত্রী ড. নাসিরউদ্দীন ওমর।

বাংলাদেশের পক্ষে বক্তব্য দেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বৌদ্ধ ভিক্ষু সুনন্দপ্রিয় মহাথের, খ্রিষ্টান কমিউনিটির পক্ষে জন সাগর কর্মকার, হিন্দু সম্প্রদায়ের পক্ষে বক্তব্য দেন অ্যাডভোকেট গোবিন্দ প্রামাণিক ও ব্রিটেন থেকে অতিথি হয়ে বক্তব্য দেন ব্যারিস্টার প্রশান্ত ভূষণ বড়ুয়া। এছাড়াও অনুষ্ঠানে এশিয়ার বিভিন্ন দেশ থেকে আন্তঃধর্মীয় নেতারা বক্তব্য দেন।

আন্তঃধর্মীয় এ সম্মেলনটির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে শনিবার (২০ সেপ্টেম্বর)।

সম্মেলনের প্রধান অতিথি ইন্দোনেশিয়ার ধর্মমন্ত্রী ড. নাসিরউদ্দিন উমর বলেন, আমরা ইন্দোনেশিয়ায় সব ধর্মের সহাবস্থান নিশ্চিত করেছি। অন্তর্ভুক্তিমূলক



সমাজ তৈরি এবং সবার অধিকার নিশ্চিত করতে ইন্দোনেশিয়ান জাতি অঙ্গীকার বদ্ধ। এশিয়ার অন্য দেশগুলোর সরকার ও নাগরিক সমাজকেও একই ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাচ্ছি। ধর্মীয় সংগঠন ও নেতাদের দায়িত্ব এক্ষেত্রে সবচেয়ে বেশি বলে তিনি মত দেন।

ভিক্ষু সুনন্দপ্রিয় অন্তর্ভুক্তিমূলক সমাজগঠন ও সহনশীল সম্প্রীতিময় আন্তঃধর্মীয় সংলাপের ওপর জোর দেন। তিনি বাংলাদেশের বৌদ্ধ সমাজের পক্ষ থেকে এশিয়ার অন্যান্য ধর্মীয় জনগোষ্ঠীকে এশিয়াজুড়ে শান্তির অন্বেষণে ভূমিকা রাখার জন্য আহ্বান জানান।

ব্যারিস্টার প্রশান্ত ভূষণ বড়ুয়া শান্তিপূর্ণ আন্তঃধর্মীয় সহাবস্থান নিশ্চিত করার নিরন্তর প্রচেষ্টার ওপর গুরুত্বারোপ করে বলেন, সরকার, সংসদ নাগরিক সমাজের সঙ্গে ধর্মীয় নেতাদের সার্বক্ষণিক ভূমিকা রাখতে হবে।

জাতীয় হিন্দু মহাজোটের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট গোবিন্দ প্রামাণিক বাংলাদেশের হিন্দু জনগোষ্ঠীর জন্য সংসদে উপযুক্ত প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য পৃথক নির্বাচন ব্যবস্থা পুনর্প্রবর্তনের ওপর জোর দেন।

বাংলাদেশের খ্রিষ্টান সম্প্রদায়ের পক্ষে রেভারেন্ড জন সাগর কর্মকার এশিয়ার জাতিগুলোর প্রতি আরও কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান। তিনি বাংলাদেশের খ্রিষ্টান সম্প্রদায়ের উন্নয়নে অবদানগুলো তুলে ধরেন।



## প্রবাসীরা সহযোগিতা করলে কুয়েতে হবে 'বাংলাদেশি হাসপাতাল'

বাংলাপ্রেস ডেস্ক

প্রবাসীদের সহযোগিতায় কুয়েত এবং নোয়াখালীতে একটি সেবামূলক হাসপাতাল প্রতিষ্ঠা করা হবে বলে জানিয়েছেন ডা. এ বি এম হারুন। তিনি বলেছেন, কুয়েতে বেশিরভাগ প্রবাসী নিম্ন আয়ের শ্রমিক। তাদের আয়ের তুলনায় চিকিৎসা খরচ বেশি। এছাড়া ভাষাগত সমস্যার কারণে ভোগান্তিতে পড়তে হয় তাদের। স্বাস্থ্যসেবা নিশ্চিত কারার লক্ষ্যে সবার সহযোগিতার মাধ্যমে ভালো কিছু করার সম্ভব।

বুধবার (১৭ সেপ্টেম্বর) সংযোগ নোফেল কুয়েত শাখার আয়োজনে এক সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি আব্দুল হাই ভুঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংবর্ধিত অতিথি ডাক্তার এ বি এম হারুন।

সাধারণ সম্পাদক নাছের উদ্দিন খোকনের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিজনেস কাউন্সিল কুয়েতের সভাপতি লুৎফুর রহমান মুখাই আলী, মো. আকবর হোসেন, ব্যাংকার মাইনুদ্দিন, বাহার উদ্দিন, শফিকুর রহমান, লিটন মিয়া, ফরিদ উদ্দিন এবং হোসেন মোহাম্মদ আজিজ।

অনুষ্ঠানে বিষয়ভিত্তিক আলোচনায় অংশ নেন মোহাম্মদ হানিফ, জাহাঙ্গীর হোসেন, মাহবুব আলম ভুঁইয়া, বাবুল দাস, মনির হোসেন বাবু, রিপন, নুরুদ্দিন, আবুল বাশার এবং কামাল হোসেন।

উল্লেখ্য, কুয়েত চেম্বার অব কমার্সের আমন্ত্রণে গত সোমবার (১৫ সেপ্টেম্বর) ডাক্তার এ বি এম হারুন নয় সদস্যের একটি ব্যবসায়ী প্রতিনিধি দলের সঙ্গে কুয়েতে আসেন।

## সততার জন্য বাংলাদেশি তরুণকে সম্মাননা দিলো দুবাই পুলিশ

বাংলাপ্রেস ডেস্ক



সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে ব্যক্তিগত সততার স্বীকৃতি হিসেবে সম্মাননা পেয়েছেন প্রবাসী বাংলাদেশি আজিজুদ্দীন তালুকদার (৩৬)। তিনি চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার শাহনগর গ্রামের বাসিন্দা আইউব আলী তালুকদারের ছেলে।

পুলিশ জানায়, আজিজ দুবাইয়ের নায়েফ গোল্ড সুকে চাকরির পাশাপাশি ভাড়ায় গাড়ি চালান। সোমবার রাতে তিনি এক ব্রিটিশ দম্পতিকে আতানা হোটেলে পৌঁছে দেন। পথে দম্পতি আল বাশরার একটি রেস্তোরাঁয় খাওয়ার পর হোটেলে নেমে যান, তবে গাড়িতে ফেলে যান হাতব্যাগ। তাতে ছিল পাসপোর্ট, ক্রেডিট কার্ড, মোবাইল ফোনসহ গুরুত্বপূর্ণ কাগজপত্র।

পরদিন নায়েফ পুলিশ স্টেশনের মাধ্যমে আজিজ ব্যাগটি মালিকদের ফেরত দেন। ব্রিটিশ দম্পতি নগদ অর্থ দিতে চাইলে আজিজ তা নিতে রাজি হননি। তিনি জানান, কেবল দায়িত্ববোধ থেকেই তিনি এ কাজটি করেছেন।

আজিজ বলেন, যাত্রীদের উদ্বিগ্ন অবস্থার কথা ভেবে আমি দ্রুত পুলিশ স্টেশনে পৌঁছে যাই। ব্যাগ ফেরত দেওয়া আমার দায়িত্ব, বিনিময়ে কিছু নেওয়ার প্রশ্নই আসে না

ব্যাগ ফিরে পেয়ে ব্রিটিশ দম্পতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, এটি না পেলে তাদের নির্ধারিত লন্ডনগামী ফ্লাইট ধরা সম্ভব হতো না।

## মালয়েশিয়া আন্তর্জাতিক হালাল শোকেসের ২১তম আসরে বাংলাদেশ

বাংলাপ্রেস ডেস্ক

বিশ্বের বৃহত্তম হালাল শোকেস হিসেবে পরিচিত মালয়েশিয়া আন্তর্জাতিক হালাল শোকেস-এর ২১তম আসরে অংশগ্রহণ করেছে বাংলাদেশ। রপ্তানি উন্নয়ন ব্যুরো বাংলাদেশ-এর উদ্যোগ ও ব্যবস্থাপনায় এবং বাংলাদেশ হাইকমিশন কুয়ালালামপুরের সমন্বয়ে মালয়েশিয়া ইন্টারন্যাশনাল ট্রেড অ্যান্ড এক্সিবিশন সেন্টারে গত ১৭ সেপ্টেম্বর শুরু হওয়া এ মেলা চলবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত। চার দিনব্যাপী আয়োজিত এই মেলায় বাংলাদেশের ৮টি শিল্পপ্রতিষ্ঠান ও বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ অংশগ্রহণ করেছে।

খাদ্য ও পানীয়, চামড়া ও চামড়াজাত পণ্য, ওষুধ, গৃহস্থালি ও ব্যক্তিগত যত্ন, প্রসাধন সামগ্রী এবং তৈরি পোশাক এসব ক্যাটাগরিতে বাংলাদেশ থেকে গ্লোবাল ক্যাপসুলস লিমিটেড, গোল্ডেন প্লাস ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড, এপেক্স কনভিনিয়েন্স ফুডস লিমিটেড, কে. এম. আর ক্রাফ্‌ট, রিমার্ক এইচবি লিমিটেড, নিউজিল্যান্ড ডেইরি প্রোডাক্টস বাংলাদেশ লিমিটেড, এমএনএল ডিজাইনার জোন, গর্জিয়াস উইথ ট্রেন্ড, নওরিস ফুডস লিমিটেড মেলায় অংশগ্রহণ করেছে। মালয়েশিয়ায় বাংলাদেশ হাইকমিশন অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোকে নেটওয়ার্কিং, বিজনেস ম্যাচমেকিংসহ সার্বিক সহযোগিতা দিচ্ছে।

বুধবার (১৭ সেপ্টেম্বর) মেলার উদ্বোধনী দিনে বাংলাদেশ প্যাভিলিয়ন উদ্বোধন করেন রপ্তানি উন্নয়ন ব্যুরোর মহাপরিচালক বেবী রানি কর্মকার ও বাংলাদেশ হাইকমিশনের ভারপ্রাপ্ত হাইকমিশনার শাহানারা মনিকা। এসময় বাণিজ্য মন্ত্রণালয় বাংলাদেশ-এর যুগ্মসচিব মুহাম্মদ রেহান উদ্দিন, মালয়েশিয়া এক্সটারনাল ট্রেড ডেভেলপমেন্ট করপোরেশন (মেট্রেড) এর সিনিয়র পরিচালক এস. জয়শংকর, ইভেন্ট প্রতিষ্ঠান কিউবি ইন্টিগ্রেটেড মালয়েশিয়ার পরিচালক (বিজনেস ইভেন্টস) ইউনিস লতিফ, বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রেসিডেন্ট সাব্বির এ খানসহ চেম্বারের অন্যান্য ব্যবসায়ী প্রতিনিধি ও মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধি, বাংলাদেশ হাইকমিশনের প্রথম সচিব (বাণিজ্যিক) প্রণব কুমার ঘোষসহ হাইকমিশনের কর্মকর্তা-কর্মচারী ও প্রবাসী বাংলাদেশি মিডিয়া প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। পরে অতিথিরা মেলা ও বাংলাদেশি স্টল পরিদর্শন করেন এবং বাংলাদেশি ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে মালয়েশিয়ায় তাদের পণ্যের বাজার সম্প্রসারণে বিভিন্ন পরামর্শ দেন এবং বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

এ সময় উপস্থিত সাংবাদিকদের ইপিবি মহাপরিচালক জানান, মালয়েশিয়া আন্তর্জাতিক হালাল শোকেস-এ রপ্তানি উন্নয়ন ব্যুরোর উদ্যোগে বাংলাদেশ তৃতীয় বারের মতো অংশগ্রহণ করছে। বাংলাদেশি পণ্যের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষাপটে মালয়েশিয়াসহ আসিয়ান অঞ্চলে বাংলাদেশের পণ্যের বাজার সম্প্রসারণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো কাজ করে যাচ্ছে এবং ভবিষ্যতে আরও বেশি প্রতিষ্ঠান যাতে এই ধরনের মেলায় অংশগ্রহণ করতে পারে সে বিষয়ে উদ্যোগ অব্যাহত থাকবে।

ভারপ্রাপ্ত হাইকমিশনার বাংলাদেশের বিভিন্ন শিল্প



প্রতিষ্ঠানকে তাদের সক্রিয় অংশগ্রহণের জন্য অভিনন্দন ও ধন্যবাদ জানান এবং ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে হাইকমিশনের বিভিন্ন উদ্যোগ ও পরিকল্পনা নিয়ে সক্রিয়ভাবে কাজ করার বিষয়টি অবহিত করেন। এছাড়াও তিনি সম্প্রতি প্রধান উপদেষ্টার মালয়েশিয়া সফরে মালয়েশিয়ার সহযোগিতা নিয়ে বাংলাদেশে হালাল সেক্টরের উন্নয়নসহ যৌথ প্রচেষ্টা/প্রকল্প গ্রহণসহ হালাল করিডোর/হালাল হাব প্রতিষ্ঠার বিষয়ে মালয়েশিয়ার সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের কাছে উপস্থাপিত প্রস্তাবের বিষয়ে উল্লেখ করেন।

মালয়েশিয়া আন্তর্জাতিক হালাল শোকেস মেলায় খাদ্য ও পানীয়, মডেস্ট ফ্যাশন, খাদ্য প্রযুক্তি ও প্যাকেজিং, ওষুধসামগ্রী, ই-কর্মাস, ইসলামিক ফিন্যান্স ও ফিনটেকসহ মোট ১৪টি ক্লাস্টারে ২৩৮০টি বুথের মাধ্যমে বিশ্বের ৩৯টি দেশের ১০১৯টি কোম্পানি অংশগ্রহণ করেছে। মালয়েশিয়ার মিনিস্ট্রি অব ইনভেস্টমেন্ট, ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং মালয়েশিয়া এক্সটারনাল ট্রেড ডেভেলপমেন্ট করপোরেশন (মেট্রেড) এই মেলার আয়োজন করে। এই মেলায় মালয়েশিয়ার হালাল ডেভেলপমেন্ট করপোরেশন বারাহাদ (এইচডিসি) জিইসি ডিপার্টমেন্ট অব ইসলামিক ডেভেলপমেন্ট মালয়েশিয়া সহযোগী সংস্থা হিসেবে কাজ করছে।

# টিকটকের অ্যালগরিদমের নিয়ন্ত্রণ থাকছে যুক্তরাষ্ট্রের হাতে

বাংলাপ্রেস ডেস্ক

কেবল টিকটকের যুক্তরাষ্ট্র অংশের বোর্ড নয়, এর অ্যালগরিদমের নিয়ন্ত্রণও যাচ্ছে যুক্তরাষ্ট্রের হাতে। হোয়াইট হাউস ঘোষণা দিয়েছে, এখন থেকে যুক্তরাষ্ট্রে টিকটকের অ্যালগরিদম নিয়ন্ত্রণ করবে বিভিন্ন মার্কিন কোম্পানি। পাশাপাশি অ্যাপটির যুক্তরাষ্ট্র অংশের পরিচালনা পর্ষদের সাতটি আসনের মধ্যে ছয়টিই আমেরিকানদের দখলে থাকবে বলে এক প্রতিবেদনে লিখেছে বিবিসি।

যুক্তরাষ্ট্রের প্রেস সেক্রেটারি ক্যারোলাইন লেভিট বলেছেন, আগামী কয়েক দিনের মধ্যে টিকটক নিয়ে চুক্তি সই হতে পারে। তবে এ বিষয়ে এখনও কোনো মন্তব্য করেনি চীন।

জাতীয় নিরাপত্তার কারণ দেখিয়ে টিকটকের মার্কিন অংশটি চীনা মূল কোম্পানি বাইটড্যান্সের হাত থেকে নিতে চাইছে যুক্তরাষ্ট্র। এর আগে, টিকটককে বলা হয়েছিল, নিজেদের মার্কিন কার্যক্রম বিক্রি না করলে অ্যাপটি বন্ধ হতে পারে যুক্তরাষ্ট্রে। জানুয়ারিতে প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রে টিকটক নিষেধাজ্ঞার ঘোষণা দেয় মার্কিন আদালত। তবে এখন পর্যন্ত চারবার অ্যাপটির ওপর এ নিষেধাজ্ঞা কার্যকরের বিষয়টি পিছিয়ে দিয়েছেন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প। এ সপ্তাহের শুরুতে আবারও অ্যাপটির সময় বাড়িয়ে ডিসেম্বর পর্যন্ত করেছেন তিনি।

লেভিট বলেছেন, যুক্তরাষ্ট্রে টিকটক অ্যাপের তথ্য ও প্রাইভেসি ব্যবস্থাপনার দায়িত্বে থাকবে প্রযুক্তি জায়ান্ট ওরাকল। এ কোম্পানির চেয়ারম্যান ল্যারি এলিসন বিশ্বের অন্যতম ধনী ব্যক্তি ও ট্রাম্পের ঘনিষ্ঠ।

তিনি বলেছেন, "তথ্য ও প্রাইভেসি পরিচালনা করবে আমেরিকার অন্যতম সেরা প্রযুক্তি কোম্পানি ওরাকল এবং টিকটকের অ্যালগরিদমও থাকবে আমেরিকার নিয়ন্ত্রণে। "এরইমধ্যে সব বিষয়ে মতৈক্য হয়ে গিয়েছে। এখন কেবল চুক্তিতে স্বাক্ষর করা বাকি।"

সম্প্রতি মিডিয়া কোম্পানি 'প্যারামাউন্ট' কিনেছেন এলিসনের ছেলে ডেভিড এলিসন, যেটি সিবিএস নিউজের মালিকানাধীন কোম্পানি। ফলে এলিসন পরিবার দেশের অন্যতম শক্তিশালী মিডিয়া পরিবারগুলোর একটি হয়ে উঠেছে বলে প্রতিবেদনে লিখেছে বিবিসি।

এদিকে, শুক্রবার ট্রাম্প বলেছেন, তিনি ও শি জিনপিংয়ের মধ্যে ফোন আলাপের সময় টিকটকের মার্কিন কার্যক্রমের ভবিষ্যত নিয়ে একটি চুক্তি অনুমোদন করেছেন তারা। তবে চীন থেকে এ বিষয়ে নিশ্চিত কোনো তথ্য মেলেনি।

নিজের সামাজিক যোগাযোগ মাধ্যম 'ট্রুথ সোশাল'-এ ট্রাম্প লিখেছেন, ফোন আলাপটি 'ফলপ্রসূ' ছিল এবং চুক্তিটিতে শি জিনপিংয়ের অনুমোদনের জন্য 'কৃতজ্ঞ' তিনি। ওই চুক্তি অনুসারে, টিকটকের যুক্তরাষ্ট্র ব্যবসা বিক্রি হবে একদল মার্কিন বিনিয়োগকারীর কাছে।

শনিবার চীনের বাণিজ্য মন্ত্রণালয়ের দেওয়া এক বিবৃতিতে চুক্তির বিষয়টি স্পষ্ট ছিল না। ওই বিবৃতিতে বলা হয়েছে, "টিকটক নিয়ে চীনের অবস্থান স্পষ্ট। চীনা সরকার কোম্পানিটির ইচ্ছাকে সম্মান করে ও বাজারের নিয়ম মেনে ব্যবসায়িক আলোচনায় অংশগ্রহণকেও স্বাগত জানায়, যেখানে চীনের আইন ও বিধিমালা অনুসারে সমাধান হয় ও স্বার্থের সুষ্ঠু সমন্বয় ঘটে।"



# বিসিবি নির্বাচনের তফসিল ঘোষণা, ভোট ৪ অক্টোবর

বাংলাপ্রেস ডেস্ক

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালনা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ৪ অক্টোবর। বুধবার (১৭ সেপ্টেম্বর) নির্বাচন কমিশনের পক্ষ থেকে এই নির্বাচনের পূর্ণাঙ্গ তফসিল ঘোষণা করা হয়েছে।

এর আগে গত সপ্তাহে বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট মোহাম্মদ হোসেনকে প্রধান নির্বাচন কমিশনার করে তিন সদস্যের কমিশন গঠন করেছিল বিসিবি।

একনজরে বিসিবি নির্বাচনের তফসিল
২০ সেপ্টেম্বর : খসড়া ভোটার তালিকা প্রকাশ
২১ সেপ্টেম্বর : দুপুর ১টা পর্যন্ত আপত্তি গ্রহণ
২১ সেপ্টেম্বর বিকাল সাড়ে ৪টা চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ
২২-২৩ সেপ্টেম্বর : মনোনয়নপত্র বিতরণ
২৫ সেপ্টেম্বর : মনোনয়নপত্র জমাদান
২৬ সেপ্টেম্বর : যাচাই-বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা
২৭ সেপ্টেম্বর : আপিল ও শুনানি
২৮ সেপ্টেম্বর : প্রার্থিতা প্রত্যাহার ও বৈধ প্রার্থীর তালিকা
২৮ সেপ্টেম্বর : ডাক ও ই-ব্যালট বিতরণ
৪ অক্টোবর : নির্বাচন ও প্রাথমিক ফলাফল
৫ অক্টোবর : চূড়ান্ত ফলাফল ঘোষণা

বিসিবির পরিচালনা পরিষদ নির্বাচিত হবে কাউন্সিলরদের ভোটের মাধ্যমে।

বর্তমানে বোর্ডের ১৭১ জন কাউন্সিলরের মধ্যে ঢাকার ক্লাব থেকে আসছেন ৭৬ জন। বোর্ডের ২৫ পরিচালক পদের মধ্যে ১২ জনই আসেন ক্লাব ক্রিকেট থেকে। বিভাগীয় ও আঞ্চলিক পর্যায় থেকে থাকেন ১০ জন প্রতিনিধি। পরে পরিচালকদের মধ্য থেকেই সভাপতি নির্বাচিত হবেন।

# ফ্রান্স ছেড়ে আলজেরিয়ার জার্সিতে খেলবেন জিদানের ছেলে

বাংলাপ্রেস ডেস্ক

ফরাসি কিংবদন্তি জিনেদিন জিদানের ছেলে লুকা জিদান আন্তর্জাতিক ফুটবলে দেশের জার্সি বদলেছেন। ফিফার অনুমোদনে এখন থেকে তিনি ফ্রান্সের বদলে আলজেরিয়ার হয়ে খেলবেন।

২৭ বছর বয়সী এই গোলরক্ষক জন্মেছেন মার্সেইয়ের উপকণ্ঠে এবং ফ্রান্সের বয়সভিত্তিক দলে নিয়মিত ছিলেন। তবে বাবার শেকড়ের টানেই আলজেরিয়ার জার্সি গায়ে চাপানোর সিদ্ধান্ত নিয়েছেন তিনি। আগামী মাসে সোমালিয়ার বিপক্ষে বাছাই ম্যাচ জিতলেই ২০২৬ বিশ্বকাপে জায়গা পাবে আলজেরিয়া, সেক্ষেত্রে বাবার মতোই বিশ্বমঞ্চে আলো ছড়ানোর সুযোগ পাবেন লুকা। রিয়াল মাদ্রিদের একাডেমি থেকে উঠে আসা চার ভাইয়ের মধ্যে দ্বিতীয় লুকা এরই মধ্যে স্প্যানিশ ফুটবলে নিজের ক্যারিয়ার গড়ে তুলেছেন।

রিয়ালের হয়ে দুটি ম্যাচ খেলার পর রায়ো ভায়েকানোর জার্সিতেও লা লিগায় নেমেছেন তিনি।

২০২২ সালে এইবারে খেলার পর বর্তমানে স্পেনের দ্বিতীয় সারির দল গ্রানাডার গোলপোস্ট সামলাচ্ছেন। জিনেদিন জিদানের বাবামা ছিলেন আলজেরিয়ার কাবাইলি অঞ্চলের বাসিন্দা। সেখান থেকেই আলজেরিয়ার হয়ে খেলার যোগ্যতা পেয়েছেন লুকা। ফুটবল ইতিহাসের অন্যতম সেরা খেলোয়াড় জিনেদিন জিদান ১৯৯৮ সালের বিশ্বকাপ ফাইনালে ব্রাজিলের বিপক্ষে করেছিলেন দুটি গোল।



# মায়ামির সঙ্গেই নতুন চুক্তি করছেন মেসি

বাংলাপ্রেস ডেস্ক

সব জল্পনা-কল্পনার অবসান ঘটতে চলেছে। ইন্টার মায়ামির সঙ্গেই চুক্তি নবায়ন করতে যাচ্ছেন বিশ্বকাপজয়ী আর্জেন্টাইন মহাতারকা লিওনেল মেসি। ক্রীড়াবিষয়ক সংবাদমাধ্যম ইএসপিএনের খবর অনুযায়ী, আর্জেন্টাইন মহাতারকার নতুন চুক্তির বিষয়টি এখন কেবল সময়ের অপেক্ষা।

২০২৩ সালের জুলাইয়ে ইন্টার মায়ামির জার্সি গায়ে চড়ান মেসি।

আড়াই বছরের সেই চুক্তির মেয়াদ শেষ হবে এ বছরই। বেশ কিছুদিন ধরে নতুন চুক্তির আলোচনা চলছিল, তবে চূড়ান্ত ঘোষণা না আসায় তৈরি হয়েছিল অনিশ্চয়তা। এর মধ্যে ইউরোপ ও মধ্যপ্রাচ্যের ক্লাবগুলোর আগ্রহ নিয়েও সংবাদমাধ্যমে এসেছে নানা খবর। তবে ইএসপিএন জানিয়েছে, মেসি ও মায়ামির মধ্যে আলোচনার প্রায় সব বিষয়েই সমঝোতা হয়ে গেছে। এখন শুধু কিছু আনুষ্ঠানিকতা বাকি। দুই পক্ষের সম্মতি হলেই তা পাঠানো হবে মেজর লিগ সকার কর্তৃপক্ষের অনুমোদনের জন্য।

আগামী বছরের বিশ্বকাপ খেললে সেটিই হবে আর্জেন্টিনার হয়ে মেসির শেষ আন্তর্জাতিক টুর্নামেন্ট। তবে মায়ামির সঙ্গে নতুন চুক্তি একাধিক বছরের হওয়ার সম্ভাবনাই বেশি।

অর্থাৎ আরো কয়েক মৌসুম মাঠে দেখা যাবে মেসির জাদু।

ইন্টার মায়ামিতে যোগ দেওয়ার পর দলটিকে বদলে দিয়েছেন মেসি। প্রথম মৌসুমেই জেতান লিগস কাপ, যা ক্লাবটির ইতিহাসে প্রথম বড় ট্রফি। গত মৌসুমে রেকর্ড পয়েন্ট সংগ্রহ করে জেতে সাপোর্টার্স শিল্ড, যদিও পরবর্তী সময়ে প্লে-অফের প্রথম রাউন্ডেই থেমে যায় যাত্রা। চলতি মৌসুমেও দুর্দান্ত ছন্দে আছেন মেসি।

দলের হয়ে ২১ ম্যাচে ২০ গোলের পাশাপাশি ১১টি গোলে সহায়তা করেছেন তিনি।

মেজর লিগ সকারে মেসির রেকর্ডও চোখে পড়ার মতো৷৪৬ ম্যাচে করেছেন ৪১ গোল আর ২৭ অ্যাসিস্ট। সব প্রতিযোগিতা মিলিয়ে মায়ামির হয়ে ৬২ ম্যাচে করেছেন ৫৪ গোল।

ইন্টার মায়ামির সহ-মালিক ও ধনকুবের হোর্হে মাস কিছুদিন আগে জানিয়েছিলেন, মেসিকে ধরে রাখার জন্য তারা সর্বোচ্চ চেষ্টা করবেন। তার ইচ্ছা, আর্জেন্টাইন জাদুকরের অবসরের মঞ্চ হবে ইন্টার মায়ামিই।

# ইরফান নিজেকে 'মহান ভারতীয়' প্রমাণ করার জন্য মিথ্যা বলেছেন : আফ্রিদি

বাংলাপ্রেস ডেস্ক

সাবেক পাকিস্তানি অলরাউন্ডার শহীদ আফ্রিদি ইরফান পাঠানের কুকুরের মাংস সংক্রান্ত সাক্ষাৎকারকে মিথ্যা বলে উল্লেখ করেছেন।


আফ্রিদি পাকিস্তানের সংবাদমাধ্যম সামা টিভিকে দেওয়া সাক্ষাৎকারে বলেন, পাঠানের গল্প বানানো এবং তিনি কখনোই এমন কিছু ঘটাননি। আফ্রিদি দাবি করেন,ইরফান পাঠান শুধুমাত্র নিজেকে 'মহান ভারতীয়' প্রমাণ করার জন্য এই ধরনের মিথ্যা কথা বলেছেন।

গত আগস্টে ভারতের সংবাদমাধ্যম লাল্লানটপকে দেওয়া এক সাক্ষাৎকারে পাঠান একটি ঘটনা স্মরণ করেন যা ভারতের ২০০৬ সালের পাকিস্তান সফরের সময় বিমানে ঘটেছিল।

পাঠানের দাবি, আফ্রিদি তাকে ছোট করে দেখিয়েছিলেনড়তার চুল ছোঁয়া এবং আব্দুল রাজ্জকের উপস্থিতিতে তাকে 'কিড' বলে সম্বোধন করেছিলেন।

পাঠান সাক্ষাৎকারে বলেছিলেন, "তিনি (আফ্রিদি) আমাকে জিজ্ঞেস করেছিলেন, 'কেমন আছো, কিড?' আমি বললাম, তুমি কখন আমার বাবা হয়ে গেলে?"

পাঠান আরো বলেন, "আমি রাজ্জাককে জিজ্ঞেস করেছিলাম, পাকিস্তানিরা কোন ধরনের মাংস খায়, এবং কুকুরের মাংস পাওয়া যায় কি না। রাজ্জাক অবাক হয়ে জিজ্ঞেস করলেন, 'হে ইরফান, তুমি এটা কেন জিজ্ঞেস করছ?' আমি উত্তর দিলাম, 'তিনি (আফ্রিদি) কুকুরের মাংস খেয়েছেন, তাই এতক্ষণ ধরে ঘেউ ঘেউ করছেন। এরপর আফ্রিদি কিছু বলতে পারলেন না। যদি কিছু বলতেন, আমি বলতাম, 'দেখো, তিনি আরো বেশি ঘেউ ঘেউ করছেন।'" আফ্রিদি এই মন্তব্যের জবাবে বলেন, এটি মিথ্যা এবং পাঠান কেবল নিজেকে একজন মহান ভারতীয় প্রমাণ করার জন্য এই ধরনের কথা বলছেন।





# আলভারেজ বিতর্কের পর পেনাল্টির নিয়মে বড় পরিবর্তন

বাংলাপ্রেস ডেস্ক

২০২৫-২৬ মৌসুম থেকে ফুটবলের আইনপ্রণেতা সংস্থা আন্তর্জাতিক ফুটবল অ্যাসোসিয়েশন বোর্ড (আইএফএবি) বেশ কিছু নতুন নিয়ম পরিবর্তনের ঘোষণা দিয়েছে।

সবচেয়ে আলোচিত পরিবর্তন এসেছে পেনাল্টি কিকের ক্ষেত্রে। গত মৌসুমে চ্যাম্পিয়নস লিগের শেষ ষোলোতে অ্যাতলেতিকো মাদ্রিদ ও রিয়াল মাদ্রিদের ম্যাচে হুলিয়ান আলভারেজের পেনাল্টি বাতিল নিয়ে বড় বিতর্ক তৈরি হয়েছিল। শট নেওয়ার সময় পিছলে গিয়ে আলভারেজ অনিচ্ছাকৃতভাবে বল দুইবার স্পর্শ করেছিলেন।

গোল হলেও ভিএআর তা বাতিল করে দেয়। নতুন নিয়ম অনুযায়ী, ভবিষ্যতে এমন ঘটনা ঘটলে গোল বাতিল হবে না, বরং পেনাল্টি পুনরায় নেওয়া হবে।

এ ছাড়া গোলকিপারদের সময় নষ্ট করা রোধেও নতুন নিয়ম যুক্ত হয়েছে। এখন থেকে কোনো গোলরক্ষক সর্বোচ্চ আট সেকেন্ড বল হাতে রাখতে পারবেন।

শেষ পাঁচ সেকেন্ড রেফারি দৃশ্যমানভাবে কাউন্টডাউন দেখাবেন। নিয়ম ভাঙলে প্রতিপক্ষ দলকে পরোক্ষ ফ্রি-কিক নয়, বরং কর্নার কিক দেওয়া হবে। ইতিমধ্যেই ক্লাব বিশ্বকাপে মামেলোডি সানডাউন্সের গোলকিপার রনওয়েন উইলিয়ামস এভাবে শাস্তি পেয়েছেন।

আরেকটি নতুন শর্ত হলো মাঠে শৃঙ্খলা ফেরাতে শুধু দলীয় অধিনায়ককেই নির্দিষ্ট পরিস্থিতিতে রেফারির সঙ্গে কথা বলার অনুমতি দেওয়া হবে। এর মাধ্যমে খেলায় অযথা প্রতিবাদ ও উত্তেজনা কমিয়ে ন্যায্যতা ও সম্মান নিশ্চিত করার লক্ষ্য নিয়েছে আইএফএবি।

# কাসেমিরোকে দলে ভেড়াতে লোভনীয় প্রস্তাব আল নাসরের

বাংলাপ্রেস ডেস্ক

ম্যানচেস্টার ইউনাইটেডের সঙ্গে ব্রাজিলিয়ান মিডফিল্ডার কাসেমিরোর চুক্তি আগামী জুনেই শেষ হচ্ছে। তিন মৌসুম ধরে 'রেড ডেভিলস'দের হয়ে খেলার পর তার সামনে রয়েছে দুই পথড়একদিকে ওল্ড ট্র্যাফোর্ডে চুক্তি নবায়ন, অন্যদিকে সৌদি ক্লাব আল-নাসর থেকে পাওয়া মোটা অঙ্কের প্রস্তাব।

সৌদি ক্লাবটির প্রধান পরিকল্পনা হলো কাসেমিরোকে আবারও ক্রিস্তিয়ানো রোনালদোর সঙ্গে একত্রিত করা। রিয়াল মাদ্রিদ ও ম্যানচেস্টার ইউনাইটেডে দুজনের সফল সময়ের স্মৃতি কাজে লাগিয়ে এবার তারা মধ্যপ্রাচ্যে একসাথে নতুন ইতিহাস গড়তে চায়।

অন্যদিকে, ইউনাইটেডের বর্তমান অবস্থা মোটেই ভালো নয়। নতুন মৌসুমে এখন পর্যন্ত দুই ম্যাচে হার, একটি ড্র আর মাত্র একটি জয় নিয়ে তারা লিগ টেবিলে ১৪তম স্থানে নেমে গেছে। অবনমন অঞ্চলের থেকে মাত্র এক পয়েন্ট দূরে থাকায় দলটি প্রবল চাপের মধ্যে রয়েছে।

এই পরিস্থিতিতে ইংলিশ গণমাধ্যমগুলো মনে করছে, কাসেমিরো ক্লাব ছাড়তে পারেন।

তবে একই সঙ্গে ইঙ্গিত দিচ্ছে যে, ম্যানচেস্টার ইউনাইটেড শেষ মুহূর্ত পর্যন্ত লড়াই করবে তাকে দলে রাখতে, কারণ এমন এক সংকটকালীন সময়ে অভিজ্ঞ এই মিডফিল্ডারকে হারানো তাদের জন্য ভয়াবহ ক্ষতি হতে পারে।



কান খুলে দেখি
বাংলা প্রেস

# পাট পণ্যমেলায় তিন দিনে ১২ লাখ টাকার বিক্রি



বাংলাপ্রেস ডেস্ক

ঢাকার জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত তিন দিনের বহুমুখী পাট পণ্যমেলায় ১২ লাখ টাকার বেশি পণ্য বিক্রি হয়েছে। গত মঙ্গলবার শুরু হওয়া তিন দিনের এ মেলা শেষে বৃহস্পতিবার রাতে বিক্রির এ তথ্য প্রকাশ করা হয়। মেলায় পাট দিয়ে তৈরি বিভিন্ন রঙিন ব্যাগ, ফুলদানি, টেবিল ম্যাট, পাপোশসহ দৈনন্দিন প্রয়োজনীয় নানা জিনিসপত্র স্থান পায়। ৩২টি স্টল থেকে তিন দিনে মোট ১২ লাখ ৮ হাজার ৬৭০ টাকার বিক্রি হয়। জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টারের (জেডিপিসি) তত্ত্বাবধান ও সম্প্রসারণ নির্বাহী মো. মোজাহিদুল ইসলাম বলেন, ‘তিন দিনের মেলায় ১২ লাখ টাকার বিক্রি হয়েছে। আমরা ক্রেতাদের মোটামুটি সাড়া পেয়েছি। আগামীতে আরও বড় পরিসরে এ আয়োজন করা হবে।’

মেলায় আসা এক ক্রেতা বলেন, আদালত এলাকায় প্রথমবারের মতো বসে পাট পণ্যমেলা। মেলায় এসে দেশীয় পণ্য দেখে অনেক ভালো লাগছে। কিছু জিনিসপত্রও কিনেছি। মাল্টিপারপাস জুট প্রোডাক্ট সেন্টারের প্রোপাইটার চাঁদ সিতারা বিনতে ইসলাম বলেন, ‘মেলায় ক্রেতাদের ভালো সাড়া পেয়েছি। প্রথমবারের মতো অনেক ক্রেতা পাটপণ্যের এমন প্রোডাক্ট দেখে খুশি হয়েছেন। অনেকে পছন্দের প্রোডাক্ট কিনেছেন। যে বিক্রি হয়েছে, আমরা খুশি।’

প্রথমবারের মতো ঢাকার জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে এ মেলার আয়োজন করা হয়। এই মেলায় প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত স্টল খোলা ছিল। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) মেলাটি আয়োজন করে।

# রফতানি ও আমদানিতে ভালো প্রবৃদ্ধি

বাংলাপ্রেস ডেস্ক

রেমিট্যান্স প্রবাহ ও রফতানি আয়ে প্রবৃদ্ধির ফলে চলতি অর্থবছরের প্রথম মাসে বৈদেশিক লেনদেনের ভারসাম্যে কিছুটা উন্নতি দেখা দিয়েছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রতিবেদনে দেখা যায়, ২০২৫-২৬ অর্থবছরের জুলাইয়ে সামগ্রিক বাণিজ্য ঘাটতি দাঁড়িয়েছে ৫৪ কোটি ৫০ লাখ ডলার। আগের অর্থবছরের একই সময়ে ঘাটতি ছিল ৬৯ কোটি ৩০ লাখ ডলার। অর্থাৎ এক বছরে ঘাটতি কমেছে প্রায় ১৪ কোটি ৮০ লাখ ডলার বা ২১ শতাংশের বেশি।

রফতানি ও আমদানির প্রবৃদ্ধি : প্রতিবেদন অনুযায়ী, এ বছরের জুলাইয়ে রফতানি আয় হয়েছে ৪৭৭ কোটি ৯০ লাখ ডলার, যা গত বছরের জুলাইয়ের ৩৮২ কোটি ৪০ লাখ ডলারের তুলনায় প্রায় ২৫ শতাংশ বেশি। অন্যদিকে আমদানি বেড়ে দাঁড়িয়েছে ৬২৭ কোটি ডলারে, যা আগের বছরের ৫২৪ কোটি ৮০ লাখ ডলারের চেয়ে প্রায় ১৯.৫ শতাংশ বেশি।

বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, জুলাই শেষে সামগ্রিক বাণিজ্য ঘাটতি সামান্য বেড়ে দাঁড়িয়েছে ১৫০ কোটি ৫০ লাখ ডলারে। গত অর্থবছরের একই সময়ে এ ঘাটতি ছিল ১৪৬ কোটি ৩০ লাখ ডলার। অন্যদিকে আর্থিক হিসাবে ঘাটতি বেড়ে হয়েছে ৭১ কোটি ৮০ লাখ ডলার, যা আগের বছর ছিল মাত্র ২৬ কোটি ৩০ লাখ ডলার।

জুলাই মাসে নেট বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগ (এফডিআই) বেড়ে দাঁড়ায় ১০৪ কোটি ডলারে, যেখানে গত বছর একই সময়ে ছিল মাত্র ৩৮ কোটি ডলার। এ সময় বৈদেশিক মুদ্রার রিজার্ভ দাঁড়িয়েছে ২৯.৮০ বিলিয়ন ডলারে, যা গত বছর ছিল ২৫.৮২ বিলিয়ন। আন্তর্জাতিক মানদণ্ডে (বিপিএম-৬) হিসাব করলে রিজার্ভ দাঁড়িয়েছে ২৪.৭৮ বিলিয়ন ডলারে, যা এক বছর আগে ছিল ২০.৩৯ বিলিয়ন ডলার।

রেমিট্যান্স প্রবাহেও বড় ধরনের প্রবৃদ্ধি দেখা গেছে। জুলাইয়ে প্রবাসীরা পাঠিয়েছেন ২৪৭ কোটি ৮০ লাখ ডলার, যা আগের বছরের ১৯১ কোটি ৪০ লাখ ডলারের তুলনায় প্রায় ২৯.৫ শতাংশ বেশি। অর্থনীতিবিদরা মনে করেন, চলতি হিসাবে উদ্বৃত্ত থাকলে ঋণের ওপর নির্ভর করতে হয় না। কিন্তু ঘাটতি হলে বিদেশি ঋণের প্রয়োজন হয়। তাই দীর্ঘমেয়াদে চলতি হিসাব ইতিবাচক রাখা জরুরি।

# হিলি স্থলবন্দর ৮ দিন বন্ধ থাকবে




বাংলাপ্রেস ডেস্ক

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে দিনাজপুরের হিলি স্থলবন্দরের আমদানি-রফতানি কার্যক্রম ৮ দিন বন্ধ থাকবে।

হিলি স্থলবন্দর আমদানি-রফতানিকারক অ্যাসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন শিল্পী শনিবার এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, বাংলাদেশ-ভারত উভয় দেশের হিলি স্থলবন্দরে ব্যবসায়ীরা বৈঠক করে এই সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী, সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে হিলি স্থলবন্দর দিয়ে টানা ৮ দিন আমদানি-রফতানি কার্যক্রম বন্ধ থাকবে। তবে সরকারি ছুটির দিন ছাড়া অন্যান্য দিনগুলোতে পানামা পোর্ট অভ্যন্তরে পণ্য খালাস কার্যক্রম স্বাভাবিক রাখা হবে। হিলি ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে পাসপোর্টধারী যাত্রী পারাপার কার্যক্রমও স্বাভাবিক থাকবে।

হিলি স্থলবন্দর সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি মো. ফেরদৌস রহমান বলেন, শারদীয় দুর্গাপূজায় ভারতে হিন্দু সম্প্রদায়ের অনেক আনুষ্ঠানিকতা থাকে। এ কারণে দুই দেশের ব্যবসায়ীদের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৬ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর পর্যন্ত ৮ দিন হিলি স্থলবন্দর দিয়ে আমদানি-রফতানি বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ৮ দিন পণ্য আমদানি-রফতানি কার্যক্রম বন্ধ থাকার পর আগামী ৪ অক্টোবর থেকে পুনরায় আমদানি-রফতানি কার্যক্রম শুরু হবে।

হিলি কাস্টমস বিভাগের রাজস্ব কর্মকর্তা মো. নিজাম উদ্দিন বলেন, ওই ৮ দিন পণ্য আমদানি-রফতানি কার্যক্রম বন্ধ থাকলেও সরকারি ছুটির দিন ছাড়া অন্য দিনগুলোতে কাস্টমস বিভাগের দাফতরিক কার্যক্রম চলমান থাকবে। একই সঙ্গে আমদানিকারকরা বন্দর থেকে আমদানি করা পণ্য খালাস করতে পারবেন। আমদানিকারকদের এসব বিষয়ে সার্বিক সহযোগিতা করা হবে।

হিলি ইমিগ্রেশন চেকপোস্টের ওসি মো. আরিফুল ইসলাম বলেন, শারদীয় দুর্গাপূজায় ৮ দিন আমদানি-রফতানি কার্যক্রম বন্ধ থাকলেও হিলি ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে পাসপোর্টের যাত্রী পারাপার কার্যক্রম স্বাভাবিক থাকবে। প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে পাসপোর্টধারী যাত্রীরা ভারত-বাংলাদেশের মধ্যে যাতায়াত করতে পারবেন।

# বিজিএমইএর ৪২তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

বাংলাপ্রেস ডেস্ক

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রফতানিকারক সমিতির (বিজিএমইএ) ৪২তম বার্ষিক সাধারণ সভা গতকাল শনিবার অনুষ্ঠিত হয়েছে। উত্তরাস্থ বিজিএমইএ কমপ্লেক্সে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান।

সভায় উপস্থিত ছিলেন বিজিএমইএর বর্তমান পরিচালনা পর্ষদের সহ-সভাপতি ও পরিচালকবৃন্দ, সাবেক সহ-সভাপতি ও পরিচালকবৃন্দ, বিভিন্ন স্ট্যান্ডিং কমিটির সদস্য এবং সংগঠনের সাধারণ সদস্যবৃন্দ। সভায় ২০২৩-২৪ অর্থবছরের নিরীক্ষিত হিসাব বিবরণী অনুমোদিত হয় এবং ২০২৪-২৫ অর্থবছরের জন্য বাজেট পেশ ও অনুমোদন করা হয় এবং ২০২৪-২৫ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ করা হয়।

বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান তার বক্তব্যে পোশাক শিল্পের বর্তমান পরিস্থিতি, গত তিন মাসে তার পর্ষদ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগ এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিস্তারিতভাবে তুলে ধরেন। অন্যদিকে বিজিএমইএর সহ-সভাপতি (অর্থ) মিজানুর রহমান সংগঠনের ২০২৩-২৪ অর্থবছরের আর্থিক প্রতিবেদন ও নতুন অর্থবছরের বাজেট উপস্থাপন করেন। এই সভায় শিল্পের চ্যালেঞ্জ মোকাবিলায় ঐক্যবদ্ধ প্রচেষ্টার অঙ্গীকার করা হয়।

উল্লেখ্য, ২০২৩-২৪ সালের এই বার্ষিক সাধারণ সভাটি পূর্ববর্তী পর্ষদের করার কথা ছিল। কিন্তু তারা তাদের মেয়াদ পূর্ণ করতে না পারায় এবং সরকারের মনোনীত প্রশাসক প্রায় আট মাস ধরে বিজিএমইএ পরিচালনা করায় নির্ধারিত সময়ে সভাটি অনুষ্ঠিত হতে পারেনি। এই প্রেক্ষাপটে বর্তমান পর্ষদ দায়িত্ব গ্রহণের পর দ্রুততম সময়ের মধ্যে এই সভার আয়োজন করে, যা সদস্যদের প্রতি তাদের স্বচ্ছতা ও দায়বদ্ধতার প্রতীক বলে উল্লেখ করা হয়েছে।

# নজরদারিতে আনা হচ্ছে এমএফএস প্রতিষ্ঠানগুলো

বাংলাপ্রেস ডেস্ক

গ্রাহকদের ডিজিটাল লেনদেন সুরক্ষিত রাখতে আরও নজরদারিতে আসছে দেশের বিকাশ, রকেট ও নগদের মতো মোবাইল আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠানগুলো। পাশাপাশি পেমেন্ট সার্ভিস প্রোভাইডার ও পেমেন্ট সিস্টেম অপারেটরগুলোকে নজরদারির আওতায় আনা হচ্ছে। এ জন্য এসব সেবার কার্যক্রম নিয়মিত মূল্যায়নের আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। এর মাধ্যমে জানা যাবে, কোন প্রতিষ্ঠান গ্রাহকদের কতটা মানসম্মত সেবা দিচ্ছে। কেন্দ্রীয় ব্যাংক সূত্রে এসব তথ্য জানা গেছে।

বর্তমানে দেশে ১৩টি এমএফএস ও ২১টি পিএসপি এবং পিএসও প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানকে সম্প্রতি একটি চিঠি পাঠিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। এতে আন্তর্জাতিকভাবে স্বীকৃত স্বমূল্যায়ন প্রক্রিয়ায় অংশ নিতে বলা হয়েছে।

যেভাবে মূল্যায়ন করা হবে : প্রতিষ্ঠানের সক্ষমতা যাচাইয়ে নির্দিষ্ট প্রশ্নপত্র ও কিছু সূচক দেওয়া হয়েছে। এতে প্রতিটি প্রতিষ্ঠানের সাংগঠনিক ও আইনি কাঠামো, আর্থিক অবস্থা, প্রযুক্তিগত সক্ষমতা, ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও দুর্যোগ ব্যবস্থাপনার মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো খতিয়ে দেখা হবে। মূল্যায়নের জন্য প্রতিটি প্রতিষ্ঠানকে প্রশ্নগুলোর উত্তর ‘হ্যাঁ’, ‘না’ অথবা ‘আংশিক’ আকারে দিতে হবে। প্রতিটি উত্তরের জন্য থাকবে মন্তব্য কলাম, যা পূরণ করা বাধ্যতামূলক।

মান নির্ধারণ ও ব্যবস্থা গ্রহণ : মূল্যায়নে প্রাপ্ত স্কোরের ভিত্তিতে প্রতিষ্ঠানগুলোকে পাঁচটি শ্রেণিতে ভাগ করা হবে–শক্তিশালী, সন্তোষজনক, মোটামুটি, প্রান্তিক ও দুর্বল। ফলে কোন প্রতিষ্ঠানের কোন খাতে ঝুঁকি রয়েছে, তা চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবে বাংলাদেশ ব্যাংক।

কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তারা জানিয়েছেন, এই উদ্যোগ ডিজিটাল লেনদেনব্যবস্থায় স্বচ্ছতা, নিরাপত্তা ও স্থিতিশীলতা নিশ্চিত করবে, যা গ্রাহকদের আস্থা বাড়াতে সাহায্য করবে। ডিজিটাল লেনদেন যখন বাড়ছে, তখন এই উদ্যোগকে সময়োপযোগী মনে করছেন তারা।

দেশে দীর্ঘদিন ধরেই মোবাইলে আর্থিক সেবা দিচ্ছে বিকাশ, রকেট ও নগদের মতো প্রতিষ্ঠানগুলো। পাশাপাশি ডিজিটাল আর্থিক লেনদেনব্যবস্থা সম্পন্ন করে দিচ্ছে পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (পিএসপি) ও পেমেন্ট সিস্টেম অপারেটর (পিএসও)।



কা ন খু লে দে খি
বাংলা প্রেস

# নিউ ইয়র্কে বাংলাদেশি হত্যাকাণ্ডে জড়িত দুই পুলিশ কর্মকর্তার

শেষ পৃষ্ঠার পর

অবশ্যই শৃঙ্খলাজনিত ট্রায়ালের তারিখ নির্ধারণ করতে হবে যাতে আলোনজি ও সিয়ানফ্রক্কোকে বরখাস্ত করা যায়ড়এবং অ্যাটর্নি জেনারেল জেমসকে অবশ্যই তাদের অভিযুক্ত ও বিচারের আওতায় আনতে হবে। এর কম কিছু হলে বার্তা যাবে যে এনওয়াইপিডি কর্মকর্তারা শাস্তি ছাড়াই মানুষ হত্যা করতে পারে।

২০১২ সালের এক চুক্তির অধীনে, পুলিশ কমিশনার চাইলে কোনো মামলা নিজের কাছে রেখে সিসিআরবিকে তা ট্রায়ালে নিতে বাধা দিতে পারেন। এটি পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশনের (পিবিএ) জন্য এক ধাক্কা, যারা এই দুই কর্মকর্তার প্রতিনিধিত্ব করে। সংগঠনটি সিসিআরবির সম্পৃক্ততার বিরোধিতা করেছিল এবং জানিয়েছিল যে তাদের নিজস্ব তদন্ত কর্মকর্তাদের দোষী মনে করেনি। তবে বোর্ড সেই অভ্যন্তরীণ সুপারিশ উপেক্ষা করে অভিযোগ গঠনের পক্ষে ভোট দেয়।

পিবিএ প্রেসিডেন্ট প্যাট্রিক হেনড্রি বলেন, তারা তথ্য-প্রমাণকে উপেক্ষা করেছে কারণ তা তাদের আগেই নির্ধারিত ফলাফলের সঙ্গে মেলেনি। তথ্য বলছে, মাত্র কয়েকজন বোর্ড সদস্যই তথ্য ও আইনের ভিত্তিতে স্বাধীন সিদ্ধান্ত নিতে রাজি। বাকিরা হয়তো পুলিশবিরোধী উগ্রপন্থীদের ভয়ে, নয়তো তারাই উগ্রপন্থী।

টিশের এই সিদ্ধান্ত পুলিশি জবাবদিহিতার মিশ্র ইতিহাসে যুক্ত হলো। প্রশাসনিক ট্রায়ালগুলোতে প্রায়ই বছরের পর বছর সময় লেগে যায়। উদাহরণস্বরূপ, ট্রাউইকের মামলায় গুলির চার বছর পর ২০২৩ সালে ট্রায়াল শুরু হয়। এমনকি বিচারকরা বরখাস্তের সুপারিশ করলেও শেষ সিদ্ধান্ত কমিশনারদের হাতে থাকে, যেমন টিশ ফেলিজ মামলায় দেখিয়েছেন।

এ বছরের শুরুতে তিনি লেফটেন্যান্ট জোনাথন রিভেরাকে দোষমুক্ত ঘোষণা করেন, যদিও বিভাগের বিচারক রোজমেরি মালডোনাডো তাকে বরখাস্ত করার সুপারিশ করেছিলেন। ২০১৯ সালে ব্রঙ্কসে অ্যালান ফেলিজকে হত্যা করার ঘটনায় বিচারক বলেছিলেন, রিভেরা অপ্রয়োজনীয়ভাবে গুলি চালিয়েছিলেন। তবে টিশ রিভেরার আত্মরক্ষার যুক্তি মেনে নেন।

তার এই সিদ্ধান্ত সাবেক কমিশনার এডওয়ার্ড কাবানের বিপরীত, যিনি ২০১৯ সালে ব্রঙ্কসে মানসিক স্বাস্থ্য সংকটের সময় কাওয়াস্কি ট্রাউইককে গুলি করে হত্যার ঘটনায় সংশ্লিষ্ট দুই কর্মকর্তাকে শাস্তি দিতে অস্বীকার করেছিলেন।

বডি-ক্যামেরার ফুটেজে দেখা যায়, ওজোন পার্কের রোজারিও পরিবারের অ্যাপার্টমেন্টে প্রবেশের পর রোজারিও রান্নাঘরের ড্রয়ার থেকে কাঁচি বের করেন। আলোনজি তখন টেজার ব্যবহার করেন। কিছুক্ষণ পর রোজারিওর মা কাঁচি কেড়ে নিলেও রোজারিও আবার সেটি তুলে নেন। তখন সিয়ানফ্রক্কো প্রথমে তার হাতে গুলি করেন এবং কয়েক সেকেন্ডের মধ্যে বুকে একাধিক গুলি চালান, যদিও পরিবারের সদস্যরা পুলিশকে গুলি না চালানোর অনুরোধ করছিলেন।

কর্তৃপক্ষ জানায়, রোজারিও নিজেই ৯১১-এ ফোন করেছিলেন এবং অভিভাবকের ছদ্মবেশে নিজের অস্বাভাবিক আচরণের খবর দেন। পরিবারের পক্ষ থেকে এনওয়াইপিডির বিরুদ্ধে মামলা করা হয়েছে, যেখানে দাবি করা হয়েছে পুলিশ পরিস্থিতি শান্ত না করে বরং আরও উত্তপ্ত করেছে।

আইন অনুযায়ী, পুলিশের গুলিতে মৃত্যু হলে অ্যাটর্নি জেনারেলের অফিসকে তা তদন্ত করতে হয়। রোজারিওর মামলাটি এখনও পর্যালোচনাধীন। ইতিমধ্যে অভিযুক্ত দুই কর্মকর্তা টহল দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে।

# চীন বাংলাদেশের সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধু ও নির্ভরযোগ্য অংশীদার

শেষ পৃষ্ঠার পর

কাজ করবে, যা উভয় দেশ ও বিশ্বের জনগণের জন্য শান্তি, সমৃদ্ধি ও সুখ বয়ে আনবে।'

গণপ্রজাতন্ত্রী চীনের ৭৬তম প্রতিষ্ঠাবার্ষিকী এবং বাংলাদেশ-চীন কূটনৈতিক সম্পর্কের ৫০তম বার্ষিকী উদযাপন উপলক্ষে বুধবার (১৭ সেপ্টেম্বর) রাতে রাজধানীর একটি হোটেলে চীনা দূতাবাস আয়োজিত এক জমকালো সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা ভিডিও বার্তায় এই মন্তব্য করেন।

উষ্ণ অভিনন্দন জানিয়ে তিনি বাংলাদেশের প্রতি চীনের দীর্ঘস্থায়ী আস্থা, সহায়তা ও সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ড. ইউনূস অর্থনৈতিক উন্নয়ন, প্রযুক্তিগত উদ্ভাবন, দারিদ্র্য বিমোচন এবং জনগণের সেবার মতো বিভিন্ন ক্ষেত্রে চীনের কমিউনিস্ট পার্টির নেতৃত্বে অর্জিত উল্লেখযোগ্য সাফল্যের পাশাপাশি গ্লোবাল সাউথ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি এর অনুপ্রেরণা ও অবদানের প্রশংসা করেন।

চীনকে বাংলাদেশের সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধু ও সবচেয়ে নির্ভরযোগ্য অংশীদার উল্লেখ করে প্রধান উপদেষ্টা বাংলাদেশের প্রতি চীনের দীর্ঘস্থায়ী আস্থা, সহায়তা ও সমর্থনের জন্য কৃ তজ্ঞতা প্রকাশ করেন।

চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন অনুষ্ঠানে বলেন, '২০২৫ সাল কেবল গণপ্রজাতন্ত্রী চীনের ৭৬তম প্রতিষ্ঠাবার্ষিকী নয়, বরং জাতিসংঘের ৮০তম বার্ষিকীও।'

তিনি আট দশক আগে বিশ্ব শান্তি রক্ষায় চীনের অপরিসীম ত্যাগের কথা স্মরণ করেন এবং শান্তি ও নিরাপত্তার ক্ষেত্রে শক্তিশালী রেকর্ডসহ একটি প্রধান শক্তিতে রূপান্তরিত হওয়ার কথা তুলে ধরেন।

রাষ্ট্রদূত বলেন, 'চীনের কমিউনিস্ট পার্টির শক্তিশালী নেতৃত্বে, চীনা জনগণ নিরঙ্কুশ দারিদ্র্য দূরীকরণের অলৌকিক সাফল্য অর্জন করেছে। চীন সর্বদা বিশ্বে শান্তি, স্থিতিশীলতা ও অগ্রগতির জন্য একটি শক্তি হিসেবে থাকবে।'

রাষ্ট্রদূত ইয়াও চীনের প্রেসিডেন্ট শি চিনপিং-এর গ্লোবাল গভর্নেন্স ইনিশিয়েটিভের ওপর জোর দিয়ে বলেন, 'বাংলাদেশসহ বিভিন্ন দেশের কাছ থেকে তিনি ব্যাপক আন্তর্জাতিক সমর্থন পেয়েছেন, যা বহুপক্ষীয় সহযোগিতা জোরদার করার একটি নজির।

# অনেকেই চান দুর্নীতি থাকুক, যাতে সুবিধা নিতে পারেন

শেষ পৃষ্ঠার পর

(সিজিএস) আয়োজিত 'নিরাপত্তা, দুর্নীতি ও জ্বালানি' বিষয়ক সংলাপে দেওয়া এক বক্তব্যে তিনি এ কথা বলেন।

ফাওজুল কবির বলেন, 'জ্বালানি খাতে দুর্নীতির কাঠামো ভেঙে দেওয়া হয়েছে। খাতে ৩ দশমিক ২ বিলিয়ন টাকার বকেয়া ছিল, যার অনেকটাই পরিশোধ করা হয়েছে। প্রতিযোগিতা ফিরিয়ে আনা হয়েছে।

তেল আমদানির জন্য আগে রিফাইনারি মালিক হতে হতো, সেটি বাতিল করা হয়েছে। অপ্রয়োজনীয় ব্যয় ও প্রকল্প বন্ধ করে দিয়েছি।'

তিনি বলেন, 'রোজার সময় সাধারণত লোডশেডিং হয়। এবার কম হয়েছে। এতে প্রমাণ হয় লোডশেডিং কমানো সম্ভব। আমরা এমন টেমপ্লেট তৈরি করছি, যাতে আগামী সরকারের পরিবর্তন আনতে সুবিধা হয়। এখন পাসপোর্টের জন্য পুলিশ ভেরিফিকেশন লাগে না, যেখানে আগে অনেক দুর্নীতি হতো।'

নবায়নযোগ্য জ্বালানির নীতি প্রণয়নের কথা উল্লেখ করে উপদেষ্টা বলেন, 'আমরা দুর্নীতির বিষয়ে সন্তুষ্ট নই। অনেকেই চান দুর্নীতি থ াকুক, যাতে সুবিধা নিতে পারেন।

শুধু অতীতের নয়, বর্তমানের দুর্নীতি থ ামানোর দিকেও নজর দিতে হবে। এ দেশে উন্নয়নের জন্য নয়, বরং দুর্নীতির জন্য অনেক প্রকল্প করা হয়।'

নির্বাচন সংস্কার কমিশনের চেয়ারম্যান ড বদিউল আলম মজুমদার বলেন, আমাদের নিরাপত্তার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হল রাজনৈতিক স্থিতিশীলতা। এর জন্য দরকার কার্যকর গণতন্ত্র। আমাদের রাজনীতি ও নির্বাচন অঙ্গনকে পরিষ্কার করতে হবে। দুর্নীতির মূল চালিকা শক্তি হল টাকা। আমাদেরকে টাকার খেলা বন্ধ করতে হবে। যুক্তরাষ্ট্র যখন আফগানিস্তানে ছিল তখন তারা সিকিউরিটির উপর গুরুত্ব বেশি দিয়েছিল। দুর্নীতি দমনে কোন গুরুত্ব দেয়নি। দুর্নীতিতে গুরুত্ব দেওয়াটা দরকার ছিল।

তিনি বলেন, আইন থাকা সত্ত্বেও গত তিনটি নির্বাচন ঠিক মত হয় নাই। রাজনীতিকে দুর্নীতিমুক্ত না করতে পারলে দুর্নীতি বন্ধ করা যাবে না।

# চট্টগ্রাম বন্দরের বর্ধিত শুল্ক এক মাসের জন্য স্থগিত

শেষ পৃষ্ঠার পর

শেষে নতুন শুল্ক কার্যকর হবে।

তিনি বলেন, পরিচালন ব্যয় বৃদ্ধি এবং বে-টার্মিনালসহ চলমান প্রকল্পগুলো বন্দরের চার্জ বাড়াতে বাধ্য করেছে। তবে সাময়িক স্থগিতাদেশ রপ্তানিকারকদের ওপর চাপ কিছুটা কমাবে।

কর্মশালায় ব্যবসায়ী নেতারা অন্তত ছয় মাসের জন্য বর্ধিত শুল্ক স্থগিত রাখা এবং কিছু চার্জ কমানোর দাবি জানান। তারা বলেন, বৈশ্বিক বাণিজ্যে নতুন চ্যালেঞ্জ, বিশেষ করে যুক্তরাষ্ট্রের শুল্ক বৃদ্ধি মোকাবেলায় রপ্তানিকারকদের প্রতিযোগিতা ধরে রাখতে সরকারের সহায়তা জরুরি।

তারা সেবার সংকট নিরসনে যৌথ টাস্কফোর্স গঠন এবং কনটেইনার নিলাম ও কার্গো সরবরাহ দ্রুততর করতে আইন সংস্কারের প্রস্তাব দেন।

নতুন শুল্ক কাঠামোতে বন্দর ও বেসরকারি কনটেইনার ডিপো (আইসিডি) সেবার চার্জ গড়ে ৪০-৪৫ শতাংশ বাড়ানো হয়েছে। রপ্তানিকারকরা অভিযোগ করেন, আইসিডিগুলো সেবার মান বা সক্ষমতা না বাড়িয়েই চার্জ বাড়িয়েছে। একইসঙ্গে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) মাননিয়ন্ত্রণে ব্যর্থতার সমালোচনাও করেন তারা।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের (সিপিএ) চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল এসএম মনিরুজ্জামান বলেন, বন্দরটি নকশা অনুযায়ী ধারণক্ষমতার বাইরে পরিচালিত হচ্ছে।

এটি এখনো জোয়ার-ভাটার ওপর নির্ভরশীল এবং সীমিত গভীরতার কারণে এখনো বৈশ্বিক মানের চেয়ে পিছিয়ে রয়েছে।'

তিনি দীর্ঘদিন ধরে আটকে থাকা কনটেইনার দ্রুত খালাস, কাস্টমস স্বয়ংক্রিয়করণ এবং আগামী পাঁচ বছরের সম্ভাব্য বাণিজ্য প্রবৃদ্ধি সামলাতে আইন সংস্কারের প্রয়োজনীয়তার ওপর জোর দেন। এনবিআর চেয়ারম্যান আব্দুর রহমান খান জানান, বন্দরে আটকে থাকা সব নিলামযোগ্য কনটেইনার এই মাসেই তালিকাভুক্ত করে দ্রুত নিলাম করা হবে। তিনি আরো জানান, সাবেক এমপিদের ফেলে রাখা ৩০টি গাড়ি সরকারি পরিবহন পুলে যুক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। কর্মশালায় উপস্থাপিত প্রবন্ধে উল্লেখ করা হয়, লজিস্টিকস পারফরম্যান্স, বাণিজ্য ব্যয় এবং কাস্টমস ক্লিয়ারেন্স দক্ষতার দিক থেকে চট্টগ্রাম বন্দর এখনো বিশ্বের শীর্ষ বন্দরের তুলনায় পিছিয়ে রয়েছে।

# বিএনপির বিরুদ্ধে ষড়যন্ত্র ও অপপ্রচার চলছে

শেষ পৃষ্ঠার পর

জিয়াউর রহমান দেশকে স্বাধীন করেছেন। আমাদের নেতা গণতন্ত্র দিয়েছেন। ১৯৭১ সাল আমাদের গর্ব।'

আওয়ামী লীগকে উদ্দেশ করে মির্জা ফখরুল বলেন, 'যারা বিএনপিকে ধ্বংস করতে চেয়েছে, তারা নিজেরাই ধ্বংস হয়েছে, পালিয়ে গেছে।

সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আবদুস সালাম, যুগ্ম মহাসচিব হাবিব-উন-নবী খান সোহেল, এমরান সালেহ প্রিন্স, কেন্দ্রীয় কমিটির কোষাধ্যক্ষ এম রশিদুজ্জামান মিল্লাত ও সহ-সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট শাহ মো. ওয়ারেছ আল মামুন, আবু ওয়াহাব আকন্দ ও সদস্য লায়লা বেগম, শেখ মজিবুর রহমান ইকবাল। সভা পরিচালনা করেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. মাজহারুল ইসলাম।

# দুর্গাপূজার টানা ছুটিতে বিশেষ ট্রেন চালু করবে রেলওয়ে

শেষ পৃষ্ঠার পর

থেকে কক্সবাজারের উদ্দেশে ছাড়বে রাত সাড়ে ১০টায়।

কক্সবাজার পৌঁছাবে সকাল ৬টা ৫০ মিনিটে। কক্সবাজার থেকে এই ট্রেন ছাড়বে সকাল সাড়ে ১১টায়। ৪ অক্টোবর পর্যন্ত প্রতিদিন এই ট্রেন চলাচল করবে।

রেলওয়ের তথ্য অনুযায়ী, প্রতিটি বিশেষ ট্রেনে ১৮টি বগি থাকবে।

দিনে আসন থাকবে ৮৩৪টি এবং রাতে ৭৮৯টি। ভাড়া নিয়মিত ট্রেনের মতো।

# প্রধান উপদেষ্টার সঙ্গে নিউ ইয়র্কে নিহত বাংলাদেশি পুলিশ কর্মকর্তার

শেষ পৃষ্ঠার পর

জানিয়েছেন। প্রধান উপদেষ্টা জানিয়েছেন মরহুম দিদারুল ইসলামের জন্য পুরো বাংলাদেশ শোকাহত ছিলো। এছাড়া দিদারুল নিহত হওয়ার পর স্থানীয় পুলিশ প্রশাসন যে সম্মাননা দিয়েছে তার জন্য তিনি এনওয়াইপিডিসহ সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জানান।

উল্লেখ্য, নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের কর্মকর্তা মৌলভীবাজারের দিদারুল এনওয়াইপিডির ৪৭তম প্রেসিংকটে কাজ করতেন। তিনি এ বাহিনীতে সাড়ে তিন বছর কাজ করেছেন। ২৮ জুলাই নিউ ইয়র্ক সিটির ৩৪৫ পার্ক অ্যাভিনিউয়ের একটি বহুতলভবনে বন্দুকধারীর হামলায় অপর চারজনের সাথে দিদারুল ইসলাম নিহত হোন । পরবর্তীতে ৩১ জুলাই তাঁকে মরণোত্তর পদোন্নতি দিয়ে ডিটেকটিভ করা হয় এবং রাষ্ট্রীয় সম্মান প্রদর্শনের মাধ্যমে নিউ জার্সিতে দাফন করা হয় ।

# নিউ ইয়র্কের শিক্ষা ব্যবস্থাকে

শেষ পৃষ্ঠার পর

একটি ঘটনা। তবে শিক্ষার্থী ও শিক্ষকরা নিউ ইয়র্ক পোস্টকে জানান, ১৬ বছর বয়সী নাঈম আহসানই এই নকলচক্রের মূল হোতা।

এই ছেলেটি এমন ধরনের কাজ করায় গর্ববোধ করত। সে অনেক দিন ধরেই এ কাজ করছে বলে ১৬ বছরের জুনিয়র শিক্ষার্থী ক্যাটালিনা পিক্কাটো জানান। ফেসবুকে ধরা পড়া নিয়ে সে আফসোস করছেন। গত ১৮ জুন স্প্যানিশ রিজেন্টস পরীক্ষার সময় নাঈমকে টেক্সট করে উত্তর পাঠাতে গিয়ে ধরা হয়। পরে অধ্যক্ষ স্ট্যানলি টেইটেল তার টেক্সট বার্তা পরীক্ষা করে আরও তিনটি পরীক্ষার উত্তর খুঁজে পান।

নিউ ইয়র্ক পোস্টের প্রতিবেদনে বলা হয়েছে, ওই জুনিয়র শিক্ষার্থীকে অন্য একটি স্কুলে বদলি হতে বাধ্য করা হয়েছে। টেইটেল অভিভাবকদের উদ্দেশে এক চিঠিতে লিখেছেন, অধ্যক্ষ হিসেবে আমি এটিকে অত্যন্ত উদ্বেগজনক মনে করছি,যা পোস্ট সংগ্রহ করেছে। আমি একে সততার গুরুতর লঙ্ঘন মনে করছি এবং আশা করি আপনারা সন্তানদের সঙ্গে সৎ থাকার প্রয়োজনীয়তা ও স্টাইভেসান্ট এবং ভবিষ্যতের শিক্ষাগত লক্ষ্য রক্ষার গুরুত্ব নিয়ে কথা বলবেন।

ওই সময়ে নিউইয়র্ক ম্যাগাজিনুএ প্রকাশিত হয়েছে নাঈম আহসানের একটি বিস্তৃত প্রোফাইল। ১৬ বছর বয়সী এই স্টাইভেসান্ট হাই স্কুল শিক্ষার্থী ছিলেন সাম্প্রতিক নকল কেলেঙ্কারির মূল কেন্দ্রবিন্দুতে।

নকল ধরা পড়ার ঘটনা: গত জুনে স্কুল কর্তৃপক্ষ নাঈমকে সেলফোন ব্যবহার করে ডজনখানেক শিক্ষার্থীকে রিজেন্টস পরীক্ষায় নকল করতে সাহায্য করার সময় ধরে ফেলে। স্নাতক হওয়ার আগে শিক্ষার্থীদের জন্য এই পরীক্ষা বাধ্যতামূলক। ঘটনার পর শহর কর্তৃপক্ষ তদন্ত শুরু করে এবং জড়িত অনেককে দীর্ঘমেয়াদি সাময়িক বরখাস্তের হুমকি দেয়। এ সময় স্কুলের অধ্যক্ষও পদত্যাগ করেন।

অধ্যক্ষ ঝ্যাং-এর বক্তব্য নিয়ে সন্দেহ: অধ্যক্ষ জি ঝ্যাং দাবি করেন, নকলের এ ঘটনা ছিল বিচ্ছিন্ন। কিন্তু নিউইয়র্ক ম্যাগাজিনুএর প্রতিবেদন ও অভিভাবকুশিক্ষার্থীদের অভিমত বলছে অন্য কথা। অনেকে মনে করেন, স্টাইভেসান্টে নকল অনেক বেশি ছড়িয়ে রয়েছে।

নাঈমের কৌশল ও শিক্ষার পরিবেশ: প্রতিবেদনে বলা হয়, নাঈম নিয়মিত হোমওয়ার্কের উত্তর শেয়ার করত, আগের বছরের প্রশ্নপত্র সংগ্রহ করত, এমনকি পুরো প্রশ্নপত্রের ছবি তুলে সহপাঠীদের কাছে পাঠাত। নাঈম জানান, স্কুলের প্রতিযোগিতামূলক পরিবেশ শিক্ষার্থীদের সিস্টেমকে ফাঁকি দিতে শেখায়। "শিক্ষকেরা অনেক সময় হোমওয়ার্ক চেকই করেন না," বলেন তিনি। একই পরীক্ষায় আগের বছরের প্রশ্ন ৭৫ শতাংশ হুবহু থ াকায় পড়াশোনার প্রয়োজনীয়তা নিয়েও প্রশ্ন তোলেন নাঈম।

শিক্ষকদের ভূমিকা ও শিক্ষার্থীদের চাপ: এক জীববিজ্ঞানের ক্লাসে শিক্ষক প্রতিশ্রুতি দেন, সবাই শেষ অ্যাসাইনমেন্টে সঠিক উত্তর দিলে গ্রেড তিন পয়েন্ট বাড়ানো হবে। কিন্তু নাঈম অন্যদের উত্তর শেয়ার করলেও শিক্ষক তাকে নকলের দায়ে ধরেননি।

শিক্ষার্থীদের মতে, সামান্য এক পয়েন্টের জন্যও তারা অতিরিক্ত চাপে থাকে। স্টাইভেসান্টের ২০১২ সালের ভ্যালেডিক্টোরিয়ান ভিনায় মায়ারও বিদায়ী ভাষণে এই চাপের কথা উল্লেখ করেন্তযেমন 'করিডরে দাঁড়িয়ে হোমওয়ার্ক কপি করা' বা 'ফেসবুকে ব্যাপক নকল।'

নাঈমের বক্তব্য: নাঈম জানান, তিনি নকলচক্রকে সহপাঠীদের পারস্পরিক সাহায্যের সুযোগ হিসেবে দেখেছেন। তিনি আশা করছেন শিক্ষা বিভাগ তাকে আবার স্টাইভেসান্টে ফেরার অনুমতি দেবে। তার বহিষ্কার এখনো চূড়ান্ত হয়নি, তাই তিনি নতুন কোনো স্কুলে ভর্তি হননি।

কঠোর পদক্ষেপ: ঘটনার পর স্কুলে প্রযুক্তি ব্যবহারে কঠোরতা আনা হয়েছে। শুধু প্রথম দুই দিনেই ১৭টি সেলফোন জব্দ করা হয়। পাশাপাশি শিক্ষার্থীদের দিয়ে একটি 'একাডেমিক সততা নীতি"তে সই করানো হচ্ছে এবং ছাত্র সংসদকে 'অনার কোড' তৈরির আহ্বান জানানো হয়েছে।

স্টাইভেসান্ট হাই স্কুলের অধ্যক্ষ স্ট্যানলি টেইটেলের পদত্যাগ : নকল কেলেঙ্কারির তদন্তের মধ্যেই শীর্ষস্থানীয় স্টাইভেসান্ট হাই স্কুলের দীর্ঘদিনের অধ্যক্ষ স্ট্যানলি টেইটেল পদত্যাগ করেছেন, শহর কর্তৃপক্ষ যখন তার উচ্চপ্রোফাইল নকল কেলেঙ্কারি সামলানোর ধরন নিয়ে তদন্ত চালিয়ে যাচ্ছে।

২০১৮ সালের জুন ডেইলি নিউজ এ প্রকাশিত এ কেলেঙ্কারিতে জড়িয়ে পড়ে মোট ৭১ জন শিক্ষার্থীযাদের মধ্যে একজন ছাড়া বাকিদের রাজ্য ও শহরব্যাপী পরীক্ষায় টেক্সট মেসেজে উত্তর বিনিময় করতে ধরা হয়।

শুক্রবার বিকেলে স্কুলের ওয়েবসাইটে পোস্ট করা এক চিঠিতে অধ্যক্ষ স্ট্যান টেইটেল ঘোষণা করেন, তিনি ১ সেপ্টেম্বর থেকে অবসর গ্রহণ করবেন এবং 'নিজের পরিবার ও ব্যক্তিগত কাজে শক্তি ব্যয় করবেন। টেইটেল লিখেছেন,গত উনত্রিশ বছরে স্টাইভেসান্ট সম্প্রদায় আমাকে যে তৃপ্তি দিয়েছে তার জন্য ধন্যবাদ। তিনি ১৩ বছর ধরে অধ্যক্ষের দায়িত্বে ছিলেন। আপনাদের সেবা করতে পারা সত্যিই এক বিশাল আনন্দের বিষয় ছিল। শিক্ষা বিভাগ জানায়, টেইটেল এবং অন্যান্য প্রশাসকদের বিরুদ্ধে চলমান তদন্তের সঙ্গে তার পদত্যাগ জড়িত কি না সে বিষয়ে তারা কোনো মন্তব্য করবে না।

সংস্থাটি গত মাসে শিক্ষার্থীদের অসদাচরণের তদন্ত শেষ করেছে। এর মধ্যে ছয় শিক্ষার্থী, যাদের মধ্যে ১৬ বছর বয়সী নকলচক্রের মূল হোতা নাঈম আহসানও আছেন, তাদের বিরুদ্ধে সাময়িক বরখাস্তের ব্যবস্থা নেওয়া হয়েছে। অন্য শিক্ষার্থীরা হালকা শাস্তি পেয়েছে, যার মধ্যে রয়েছে আগামী শরতে স্কুলে নেতৃত্বের পদে নিষিদ্ধ থাকা এবং মধ্যাহ্নভোজের জন্য ক্যাম্পাসের বাইরে যেতে না পারা।

বেশিরভাগ শিক্ষার্থীই জুনিয়র এবং সবাইকে পুনরায় শহরব্যাপী স্প্যানিশ পরীক্ষা বা যুক্তরাষ্ট্রের ইতিহাস, ইংরেজি বা পদার্থবিজ্ঞানের রিজেন্টস পরীক্ষা দিতে হবে। স্টাইভেসান্ট অভিভাবক সমিতির সহ-সভাপতি পিটার গালাসিনাও টেইটেলকে 'শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের কাছে সমানভাবে সম্মানিত' বলে অভিহিত করেছেন। গালাসিনাও বলেন, আমি দুঃখিত। তাকে মিস করা হবে, কারণ তিনি স্টাইভেসান্টে একজন দক্ষ অধ্যক্ষ এবং নেতা ছিলেন।

# বাংলাদেশ ভ্রমণে সতর্কতা জারি কানাডার

বাংলাপ্রেস ডেস্ক

বাংলাদেশ ভ্রমণে নাগরিকদের সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছে কানাডা। বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) দেশটির সরকারি ওয়েবসাইটের 'ভ্রমণ' বিভাগে এক বিজ্ঞপ্তিতে এই সতর্কতা জারি করা হয়। বিজ্ঞপ্তিতে বাংলাদেশ ভ্রমণে সতর্কতামূলক হলুদ চিহ্ন জারি করা হয়েছে। অর্থাৎ উচ্চমাত্রায় সতর্ক থাকতে বলা হয়েছে। আর বাংলাদেশের পার্বত্য তিন জেলায় ভ্রমণের ক্ষেত্রে সতর্কতামূলক হলুদ চিহ্ন জারি করেছে কানাডার সরকার। অর্থাৎ পার্বত্য অঞ্চল ভ্রমণ নিষেধ করা হয়েছে। কানাডার নাগরিকদের উদ্দেশ্যে বলা হয়েছে, 'বাংলাদেশে সম্ভাব্য বিক্ষোভ, সংঘর্ষ এবং দেশজুড়ে হরতাল-অবরোধের কথা মাথায় রেখে এই দেশ ভ্রমণে উচ্চ মাত্রায় সতর্ক থাকুন। দেশটিতে যেকোনো মুহূর্তে নিরাপত্তা পরিস্থিতির অবনতি ঘটে যেতে পারে, যার আগাম সংকেত নাও পাওয়া যেতে পারে।

শেষ পাতা

কান খুলে দেখি
# বাংলা প্রেস

সোমবার ● ২২ সেপ্টেম্বর ২০২৫ ● ৭ আশ্বিন ১৪৩২

যুক্তরাষ্ট্রের সঙ্গে টানাপোড়েন,
বিদেশি পণ্য বয়কটের...
পৃষ্ঠা ৩



# নিউ ইয়র্কের শিক্ষা ব্যবস্থাকে ধ্বংসের পরিকল্পনা বাংলাদেশি বাবা-ছেলের





নোমান সাবিত

নিউ ইয়র্কের গোটা শিক্ষা ব্যবস্থাকে ধ্বংসের পরিকল্পনা করেছিল প্রবাসী নাজমুল আহসান ও তার ছেলে নাঈম আহসান। ১২ বছর আগে সংঘটিত উক্ত ঘটনায় এখনো নানা বিড়ম্বনায় ভুগছেন শিক্ষক ও শিক্ষার্থীরা। নকল কেলেঙ্কারির তদন্তের মধ্যে পদত্যাগ করেন স্টাইভেসান্ট হাই স্কুলের অধ্যক্ষ স্ট্যানলি টেইটেল। ২০১২ সালে স্টাইভেসান্ট হাই স্কুলের ১০০ শিক্ষার্থীকে নকল করতে সাহায্য করায় স্কুল থেকে বদলি করা হয় সাংবাদিক নামধারী নাজমুল আহসানের ছেলে নাঈম আহসানকে।

স্টাইভেসান্ট হাই স্কুলের পরীক্ষায় নকলকারী ছাত্র স্টাই প্রতারক নাঈম আহসান প্রায় ১০০ শিক্ষার্থীকে গত মাসের রিজেন্টস পরীক্ষায় নকল করতে সাহায্য করেছে বলে এক প্রতিবেদনে জানা গেছে। তবে এর পেছনে কারণ ছিল বলে ভুয়া দাবি করেন তার বাবা নাজমুল আহসান। তবে নাঈম আহসানের বাবা নিউ ইয়র্ক পোস্টকে বলেন, ব্যক্তিগত জীবনের চাপের কারণে সে নকল করতে বাধ্য হয়েছিল। নজমুল আহসান জানান, তার ছেলে নাঈম আহসান সাম্প্রতিক ক্যান্সারের আতঙ্ক এবং গত মাসে অ্যাস্টোরিয়ার একটি ট্রেন স্টেশনে ছিনতাইয়ের ঘটনার কারণে পড়াশোনায় পিছিয়ে পড়ে। তাই এ অবস্থায় সে নকল করেছে বলে তিনি পত্রিকাকে জানান। এর পেছনে কারণ আছে। আমি যদিও তার কাজের সঙ্গে একমত নই, তবে আমি বুঝতে পারছি কেন সে এমন করেছে। নাজমুল আহসান বলেন, একজন বাবা হিসেবে আমি আমার ছেলের পাশে আছি। তিনি আরও ইঙ্গিত দেন যে তার ছেলে উত্তরপত্রের ছবিগুলো গ্রহণ করেছিল, সরবরাহ করেনি, যদিও সে একজন ভালো ছাত্র।

তিনি বলেন, আমার ছেলে যতই মেধাবী হোক, এটা তার পক্ষ থেকে খুবই নির্বুদ্ধিতা ছিল। এটা খুবই দুর্ভাগ্যজনক এরপর পৃষ্ঠা ১৩



প্রধান উপদেষ্টা

## চীন বাংলাদেশের সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধু ও নির্ভরযোগ্য অংশীদার

বাংলাপ্রেস ডেস্ক

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, চীন বাংলাদেশের সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধু ও সবচেয়ে নির্ভরযোগ্য অংশীদার। তিনি বাংলাদেশের প্রতি চীনের দীর্ঘস্থায়ী আস্থা, সহায়তা ও সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধান উপদেষ্টা বলেন, 'বাংলাদেশ ও চীন তাদের ব্যাপক কৌশলগত সহযোগিতামূলক অংশীদারিত্বকে এগিয়ে নিতে একসঙ্গে এরপর পৃষ্ঠা ১৩

## নিউ ইয়র্কে বাংলাদেশি হত্যাকাণ্ডে জড়িত দুই পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ গঠন



নোমান সাবিত

নিউ ইয়র্কের পুলিশ কমিশনার জেসিকা টিশ গত মার্চে কুইন্সে নিজের বাড়িতে মানসিক স্বাস্থ্য সংকটের সময় ১৯ বছর বয়সী উইন রোজারিওকে গুলি করে হত্যার ঘটনায় জড়িত দুই পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ গঠন করেছেন বলে পুলিশের একজন মুখপাত্র জানিয়েছেন।

এটি ইঙ্গিত দেয় যে টিশ, যিনি তার পূর্বসূরিদের তুলনায় পুলিশ অসদাচরণের ক্ষেত্রে কঠোর অবস্থান নেবেন বলে জানিয়েছেন সম্ভবত কর্মকর্তারা সালভাতোরে আলোনজি এবং ম্যাথিউ সিয়ানফ্রক্কোর বিরুদ্ধে মামলা আটকে দেওয়ার ক্ষমতা ব্যবহার করবেন না। এই দুই কর্মকর্তা সম্মিলিতভাবে আটটি অভিযোগের মুখোমুখি, যার মধ্যে অতিরিক্ত বলপ্রয়োগ ও ক্ষমতার অপব্যবহার রয়েছে। গত সপ্তাহে সিভিলিয়ান কমপ্লেইন্ট রিভিউ বোর্ড (সিসিআরবি) এই অভিযোগ অনুমোদন করেছে।

এখন কর্মকর্তাদের বিভাগীয় ট্রায়ালের মুখোমুখি হতে হবে। তবে ট্রায়াল শেষে যেই পুলিশ কমিশনার থাকবেন, তিনিই চূড়ান্তভাবে শাস্তি নির্ধারণ করবেন।

জাস্টিস কমিটির নির্বাহী পরিচালক লয়ডা কোলন বলেন, সিসিআরবির অসদাচরণের অভিযোগ আনতে নিশ্চিত করে টিশ সঠিক কাজ করেছেন। এখন এরপর পৃষ্ঠা ১৩



ফাওজুল কবির

## অনেকেই চান দুর্নীতি থাকুক, যাতে সুবিধা নিতে পারেন

বাংলাপ্রেস ডেস্ক

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান বলেছেন, 'অনেকেই চান দুর্নীতি থাকুক, যাতে সুবিধা নিতে পারেন। শুধু অতীতের নয়, বর্তমানের দুর্নীতি থামানোর দিকেও নজর দিতে হবে।'

তিনি বলেন, 'আইন করা হয় দুর্নীতি থামানোর জন্য। কিন্তু এ দেশে আইন ও নীতি-নির্ধারণের মাধ্যমেই দুর্নীতি করা হয়েছে।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) সেন্টার ফর গভর্ন্যান্স স্টাডিজ এরপর পৃষ্ঠা ১৩

## প্রধান উপদেষ্টার সঙ্গে নিউ ইয়র্কে নিহত বাংলাদেশি পুলিশ কর্মকর্তার পরিবারের সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

প্রধান উপদেষ্টা ড.মোহাম্মাদ ইউনূসের সঙ্গে দেখা করেছেন নিউ ইয়র্কে বন্দুকধারীর হামলায় নিহত বাংলাদেশি-আমেরিকান পুলিশ কর্মকর্তা দিদারুলের ইসলামের পরিবার। স্থানীয় সময় সোমবার (২২ সেপ্টেম্বর) ম্যানহাটনের একটি হোটেলে দিদারুলের পিতা আব্দুর রব এবং দুই ছেলেসহ পরিবারের সদস্যদের সান্ত্বনা এবং বিশেষ অবদানের জন্য বাংলাদেশ সরকারের পক্ষ থেকে তাদের হাতে ক্রেস্ট তুলে দেন প্রধান উপদেষ্টা ড.ইউনূস।

সাক্ষাতের সময় উপস্থিত বাংলাদেশী আমেরিকান পুলিশ এসোসিয়েশনের প্রেসিডেন্ট এরশাদুর সিদ্দিক এ তথ্য এরপর পৃষ্ঠা ১৩



## দুর্গাপূজার টানা ছুটিতে বিশেষ ট্রেন চালু করবে রেলওয়ে



বাংলাপ্রেস ডেস্ক

আসন্ন দুর্গাপূজার ছুটিতে ঢাকা-কক্সবাজার ও চট্টগ্রাম-ঢাকা রুটে বিশেষ ট্রেন চালু করতে যাচ্ছে রেলওয়ে। সাপ্তাহিক ছুটিসহ টানা চার দিনের ছুটিতে যাত্রীর চাপ সামাল দিতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

রেলওয়ে সূত্রে জানা গেছে, ৩০ সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবর পর্যন্ত এসব ট্রেন চলবে। এর মধ্যে ৩০ সেপ্টেম্বর চট্টগ্রাম থেকে 'ঢাকা স্পেশাল' চলবে। চট্টগ্রাম থেকে বেলা পৌনে ৩টায় এই ট্রেন ছেড়ে ঢাকায় পৌঁছবে রাত ৮টায়। ৪ অক্টোবর চট্টগ্রাম স্পেশাল ঢাকা থেকে ছাড়বে রাত সাড়ে ১০টায়। এ ছাড়া ট্যুরিস্ট স্পেশাল চলবে ৩০ সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবর। বিশেষ এই ট্রেন ৩০ সেপ্টেম্বর ঢাকা এরপর পৃষ্ঠা ১৩

নৌ উপদেষ্টা

## চট্টগ্রাম বন্দরের বর্ধিত শুল্ক এক মাসের জন্য স্থগিত

বাংলাপ্রেস ডেস্ক

চট্টগ্রাম বন্দরের শুল্ক ও সেবা খাতে সম্প্রতি ঘোষিত শুল্ক বৃদ্ধি ব্যবসায়ীদের জোরালো দাবির পরিপ্রেক্ষিতে এক মাসের জন্য স্থগিত করেছে সরকার।

আজ শনিবার (২০ সেপ্টেম্বর) 'কাস্টমস অ্যান্ড পোর্ট ম্যানেজমেন্ট : প্রবলেমস, প্রসপেক্টস অ্যান্ড ওয়ে ফরওয়ার্ড' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান নৌপরিবহন বিষয়ক উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন।

চট্টগ্রাম বন্দর অডিটরিয়ামে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ আয়োজিত এ কর্মশালায় উপদেষ্টা জানান, এক মাসের স্থগিতাদেশ এরপর পৃষ্ঠা ১৩

## বিএনপির বিরুদ্ধে ষড়যন্ত্র ও অপপ্রচার চলছে : মির্জা ফখরুল



বাংলাপ্রেস ডেস্ক

বিএনপির বিরুদ্ধে অনেক ষড়যন্ত্র ও অপপ্রচার চলছে বলে মন্তব্য করেছেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (২০ সেপ্টেম্বর) দুপুরে কিশোরগঞ্জ জেলা বিএনপির ত্রিবার্ষিক সম্মেলনে তিনি এমন মন্তব্য করেন।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'বিএনপি ৪৭ বছর দেশের জন্য যা কিছু ভালো, সবই দিয়েছে। আমরা সেই দল, যারা উড়ে এসে জুড়ে বসিনি।

বিএনপি হচ্ছে সেই দল, যারা ফিনিক্স পাখির মতো। যাকে বারবার মারার চেষ্টা করা হয়েছে। কিন্তু কেউ তা পারেনি।'

বিএনপি মহাসচিব আরো বলেন, 'আমরা লড়াই-সংগ্রাম করে বাংলাদেশে এসেছি। আমাদের নেতা এরপর পৃষ্ঠা ১৩

**সম্পাদক ও প্রকাশক: ছাবেদ সাথী** , প্রকাশক কর্তৃক ১১১ শেলডন রোড # ১৮৮৪ ম্যানচেস্টার, কানেকটিকাট ০৬০৪৫, যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত।

ফোন: + ১ ৮৬০-৯৭০-৭৫৭৫, ই-মেইল: **bpressusa@gmail..com** ওয়েবসাইট: **banglapress.com,** সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত